# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 02, 1433 Bangla, June 16, 2026, Tuesday, No. 161, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed swift relocation of intercity bus terminals from Dhaka to outside areas to ease traffic congestion. [BBC: 09]

Tarique Rahman has urged mass media to move forward on path of truthful & objective journalism. [Jago FM: 16]

Prime Minister has ordered officials to speed up installation of AI cameras across Dhaka to modernise capital's traffic system. [Jago FM: 16]

Prime Minister's Information & Broadcasting Adviser has been prevented from entering New Delhi - Ministry of Foreign Affairs has summoned India's Acting High Commissioner in Dhaka to lodge formal protest. [BBC: 08]

Foreign Minister has termed New Delhi's airport incident involving Prime Minister's Information & Broadcasting Adviser as "unfortunate". [BBC: 05]

Road Transport and Bridges Minister has informed that government is working relentlessly to reduce road accidents & casualties. [Jago FM: 18]

Three arrest warrants have been issued against Ex-IGP Benazir Ahmed by International Crimes Tribunal. [BBC: 07]

Government has taken initiative to establish 2,000 mini cold storages in country to preserve agricultural products and ensure fair prices for farmers. [R. Today: 23]

Biman Bangladesh Airlines will resume its direct Dhaka-Narita-Dhaka flights on 27th July. [Jago FM: 14]

Bangladesh has welcomed finalisation of peace deal between Iran and United States. [BBC: 03]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## আষাঢ় ০২, বাংলা ১৪৩৩, জুন ১৬, ২০২৬, মঙ্গলবার, নং- ১৬১, ৫৬তম বছর

# শিরোনাম

যানজট নিরসনে ঢাকায় অবস্থিত বাস টার্মিনালগুলো অতিদ্রুত স্থানান্তরের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৯]

গণমাধ্যমকে সত্য ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার পথে এগিয়ে নেওয়ার আহ্বান জানালেন প্রধানমন্ত্রী। [জাগো এফএম: ১৬]

ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়নে সড়কে দ্রুত এআই ক্যামেরা বসানোর কাজ শেষ করতে সংশ্লিষ্টদের প্রতি তারেক রহমানের নির্দেশ । [জাগো এফএম: ১৬]

প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টার নতুন দিল্লিতে প্রবেশে বাধা - ঢাকায় ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনাকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব । [বিবিসি: ০৮]

ভারতের নতুন দিল্লি বিমানবন্দরে ইমিগ্রেশনের বাধায় পড়ে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টার দেশে ফিরে আসার ঘটনাকে অনাকাঙ্ক্ষিত হিসেবে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী । [বিবিসি: ০৫]

সড়ক ও মহাসড়কে দুর্ঘটনা রোধে কাজ করছে সরকার --- জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী । [জাগো এফএম: ১৮]

সাবেক আইজিপি বেনজীর আহমেদের বিরুদ্ধে তিনটি গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল । [বিবিসি: ০৭]

কৃষিপণ্য সংরক্ষণ এবং কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতে দেশে দুই হাজার মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের উদ্যোগ নিয়েছে সরকার। [রে. টুডে: ২৩]

আগামী ২৭শে জুলাই থেকে পুনরায় চালু হচ্ছে ঢাকা-নারিতা-ঢাকা ফ্লাইট । [জাগো এফএম: ১৪]

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধ অবসানের লক্ষ্যে সমঝোতাকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ। [বিবিসি: ০৩]

# বিবিসি

## যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতাকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ

ইরানে ও যুক্তরাষ্ট্র মধ্যে যুদ্ধ অবসানের লক্ষ্যে সমঝোতাকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে। এতে বলা হয়, বাংলাদেশ ধারাবাহিকভাবে সংলাপ ও কূটনীতির মাধ্যমে উত্তেজনা হ্রাস এবং সংঘাত সমাধানের আহ্বান জানিয়ে আসছে এবং এই ইতিবাচক অগ্রগতিতে অবদান রাখা সব পক্ষ ও মধ্যস্থতাকারীদের প্রচেষ্টার প্রশংসা করে। বিবৃতিতে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, "বাংলাদেশ আঞ্চলিক ও বৈশ্বিক শান্তি, নিরাপত্তা এবং উন্নয়নের জন্য মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতা অপরিহার্য বলে মনে করে। সেই সঙ্গে বাংলাদেশ সব পক্ষকে এই গতি কাজে লাগিয়ে সংলাপ ও কূটনীতির মাধ্যমে অমীমাংসিত বিষয়গুলো সমাধানের জন্য উৎসাহিত করে এবং আঞ্চলিক শান্তি, সরবরাহ শৃঙ্খল ও সহযোগিতার দ্রুত পুনরুদ্ধারের প্রত্যাশা করে।„

(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## তিন মাসেও কেন হাম পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারলো না সরকার?

বাংলাদেশে শিশুদের মধ্যে মহামারি আকারে হাম ছড়িয়ে পড়ার পর তিনমাস পেরিয়ে গেলেও এখনও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারেনি সরকার। ফলে প্রতিদিনই বাড়ছে আক্রান্ত ও মৃতের সংখ্যা। সরকারি হিসাব অনুযায়ী, হাম ও এই রোগের উপসর্গে সংক্রমণের সংখ্যা ইতোমধ্যেই ৮৫ হাজার ছাড়িয়ে গেছে। এর মধ্যে প্রাণ হারিয়েছে অন্তত ৬৫২টি শিশু। এত মৃত্যুর জন্য সরকারের অব্যবস্থাপনাকেই দায়ী করছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। "সরকারের মিস ম্যানেজমেন্টের জন্যই এত মৃত্যু হয়েছে। যদি ম্যানেজমেন্টটা ভালো করা যেত, তাহলে এত মৃত্যু হতো না,„ বিবিসি বাংলাকে বলছিলেন রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) সাবেক প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. বে-নজির আহমেদ। ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার পরও হামকে মহামারি ঘোষণা করে সারা দেশে স্বাস্থ্য জরুরি অবস্থা জারি না করাটা সরকারের একটা 'বড়ো ভুল সিদ্ধান্ত ছিল' বলেও মনে করেন তিনি। তবে অব্যবস্থাপনার কারণে হামে মৃত্যু বেড়েছে- এমন অভিযোগ অস্বীকার করেছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. এম এ মুহিত। সেইসঙ্গে দাবি করেছেন, সরকার যথাসময়ে ব্যবস্থা নেওয়ার কারণে হামে তুলনামূলক কম শিশু মারা গেছে। "আমরা রাষ্ট্র ক্ষমতার দায়িত্ব নেওয়ার ১৫ দিন পরেই হামের এটা শুরু হলো। আমরা যদি দ্রুত ব্যবস্থা না নিতাম, তাহলে হাজার হাজার শিশুর মৃত্যু হতো,„ বিবিসি বাংলাকে বলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. মুহিত।

### হাসপাতালের পরিস্থিতি এখন কেমন?

সন্তানদের প্রাণ বাঁচাতে গত একমাস ধরে এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে ছোটাছুটি করছেন সালমা বেগম ও আব্দুল গণি দম্পতি। তারপরও বাঁচাতে পারেননি প্রথম সন্তান ইব্রাহীমকে। সন্দেহজনক হামে আক্রান্ত হয়ে তিন সপ্তাহ আগে মারা গেছে আড়াই বছর বয়সি শিশুটি। "শুরুতে ওর জ্বর আর ঠাণ্ডা ছিল। পরে শ্বাসকষ্ট হচ্ছিল। তখন আমরা প্রথমে একটা ক্লিনিকে নিলাম। শ্বাসকষ্ট না কমায় পরে ঢাকা মেডিকেলে নিয়ে গেছিলাম। তারপরও আমার বড়ো ছেলেটারে বাঁচাতে পারলাম না,„ বলছিলেন শিশুর মা সালমা বেগম। সেই শোক না কাটতেই আরেক ছেলের শরীরেও দেখা দিয়েছে হামের লক্ষণ। তীব্র জ্বর, ঠান্ডা এবং শ্বাসকষ্টে ভোগা আট মাসের ওই শিশুর প্রাণ বাঁচাতে রাত-দিন এক করে এখন ঢাকার শের-ই-বাংলা এলাকায় অবস্থিত বাংলাদেশ শিশু হাসপাতালে পড়ে আছেন এই বাবা-মা। "বড়ো বাচ্চাটা কিছুদিন আগে মারা গেছে, আর ঈদের পর এই বাচ্চাটারও গায়ে হাম, ঠান্ডা, জ্বর, শ্বাসকষ্ট- এগুলা শুরু হইছে। এখন এক সপ্তাহের মতো হইলো আমরা এই হাসপাতালে ভর্তি করছি,„ বলছিলেন মিজ বেগম। শিশুটির বাবা পেশায় একজন দিনমজুর। ধার-দেনা করে তিনি ছেলের চিকিৎসার খরচ চালাচ্ছেন বলে জানান তিনি। "কাছে টাকা-পয়সা যা ছিল, সব শেষ হয়ে গেছে। এখন আত্মীয়-স্বজনদের কাছ থেকে টাকা ধার করে ছেলের চিকিৎসা করতেছি। কতদিন পারবো, কইতে পারি না। দোয়া কইরেন, আল্লাহ যেন সুস্থ করে দেয় আমার ছেলেটারে,„ বলেন শিশুর বাবা আব্দুল গণি।

হাসপাতালে তাদের বিছানার সামনেই আরেকটি বিছানায় মেয়ের সঙ্গে খেলছিলেন সাইমা খান। ফরিদপুর থেকে আসা এই মা জানাচ্ছিলেন, গত এক সপ্তাহে কী ধরনের পরিস্থিতির মধ্যদিয়ে যেতে হয়েছে তাকে। "আমার বাচ্চাটা নিশ্বাস নিতে পারতেছিল না, শ্বাস কষ্ট হচ্ছিল খুব। সেকারণে হাসপাতালে আনার পরেই ওরে আইসিইউতে নেওয়া হয়,„ বলছিলেন মিজ খান। "এর মধ্যে আশপাশের বেডে বাচ্চারা মারা যাচ্ছে, লাইফ সাপোর্টে নিচ্ছে। এগুলো দেখে আমার মনে অনেক ভয় কাজ করতেছিল। একপর্যায়ে এটাও মনে হচ্ছিল না যে, ও সুস্থ হবে,„ যোগ করেন তিনি। কিন্তু তিনদিন নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রাখার পর মিজ খানের মেয়ের শারীরিক অবস্থার অনেকটাই উন্নতি হয়। "আমার বাচ্চাটা এখন আল্লাহর রহমতে ভালোই খাচ্ছে-দাচ্ছে, হাসতেছে-খেলতেছে। মা হিসেবে এই দৃশ্য দেখাটা যে কত শান্তির, বলে বোঝাতে পারবো না,„ বলতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন মিজ খান। বাংলাদেশ শিশু হাসপাতাল, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা মেডিকেল কলেজ হাসপাতালসহ ঢাকার আরও বেশকিছু হাসপাতাল ঘুরে

দেখা গেছে, সবখানেই হামের ওয়ার্ডগুলোতে রোগী প্রায় কানায় কানায় পূর্ণ। "রোগীর চাপ আরও অনেক বেশি ছিল। গত সপ্তাহ থেকে কিছুটা কমতে শুরু করেছে,, বলেন বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের শিশু বিশেষজ্ঞ ডা. মো. আতিকুল ইসলাম।

**সরকারের দায় কতটা?**

চলতি বছরের মার্চে প্রাদুর্ভাব ঘটার পর গত তিন মাসে হামে ও হাম সন্দেহে আক্রান্ত শিশুর সংখ্যা ইতোমধ্যেই পৌনে এক লাখে পৌঁছেছে। সেইসঙ্গে, নিহতের সংখ্যা বেড়ে সাড়ে ছয়শ ছাড়িয়ে গেছে। এর মধ্যে বাংলাদেশ শিশু হাসপাতালে মারা গেছে প্রায় তিন ডজনের মতো, যাদের বড়ো অংশই ঢাকার বাইরে থেকে এসেছিল বলে জানিয়েছে কর্তৃপক্ষ। যথা সময়ে চিকিৎসা শুরু করতে না পারায় তাদের বাঁচানো সম্ভব হয়নি বলে জানাচ্ছেন চিকিৎসকরা। "ঢাকার বাইরে থেকে কিছু কিছু মানুষ আতঙ্কগ্রস্ত হয়ে আসতেছে। যারা আগে হামে আক্রান্ত হয়েছে, এখন কমপ্লিকেশন ডেভেলপ (জটিলতা তৈরি) করেছে, বিশেষ করে নিউমোনিয়া,, বলছিলেন বাংলাদেশ শিশু হাসপাতালের হাম ওয়ার্ডের দায়িত্বে থাকা ডা. ইসলাম। "এ জন্য আতঙ্ক ও শঙ্কা থেকে ভালো চিকিৎসার জন্য অনেকেই বাচ্চাকে নিয়ে ঢাকায় আসতেছে। কিছু কিছু রোগী এর মধ্য থেকে খারাপ হয়ে যাচ্ছে এবং পরবর্তীতে তাদের অবস্থার উন্নতি না হওয়ায় মারা যাচ্ছে,, যোগ করেন ডা. ইসলাম। বাংলাদেশ থেকে প্রায় নির্মূল হয়ে যাওয়া হাম পুনরায় কীভাবে ফিরে এলো এবং এর জন্য দায়ী কারা, সেটি নিয়ে গত কয়েক সপ্তাহ ধরে বিভিন্ন মহলে নানান আলোচনা ও বিতর্ক হতে দেখা যাচ্ছে। বিএনপি সরকারের পক্ষ থেকে দাবি করা হয়েছে, চলমান হাম পরিস্থিতির জন্য বিগত আওয়ামী লীগ এবং অন্তর্বর্তীকালীন সরকার দায়ী। "এই হাম সংক্রমণের পেছনে বিগত দুইটা সরকার দায়ী। প্রতি চার বছর পরপর এমআর টিকার ক্যাম্পেইনিং করার কথা ছিল। কিন্তু ২০২০-এর ডিসেম্বরের পরে তারা সেটি করেনি। এর প্রভাব আমাদের ওপরে এসে পড়েছে,, সম্প্রতি সাংবাদিকদের বলেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। হামের প্রাদুর্ভাবের ক্ষেত্রে আগের দুই সরকারের মধ্যে কে কতটুকু দায়ী, সে বিষয়ে ইতোমধ্যেই তদন্ত শুরু করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। সেইসঙ্গে, হাম পরিস্থিতি কীভাবে এবং কেন এমন পর্যায়ে এলো, তা জানতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)-কে একটি 'স্বাধীন তদন্ত' করার জন্য সরকারের পক্ষ থেকে অনানুষ্ঠানিক অনুরোধও জানানো হয়েছে। কিন্তু প্রাদুর্ভাবের ক্ষেত্রে ভূমিকা না থাকলেও হাম ছড়িয়ে পড়ার পর তিন মাসেও সেটি নিয়ন্ত্রণে আনতে না পারা এবং এর ফলে যত প্রাণহানির ঘটনা ঘটেছে, সেটার জন্য বর্তমান সরকারের দায় রয়েছে বলে মনে করেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। বিশেষ করে, হাম ঘিরে জরুরি অবস্থা জারি না করা এবং জেলা পর্যায়ে হামের ভালো চিকিৎসা নিশ্চিত করতে না পারার কারণে মৃত্যু বেড়েছে বলে মনে করেন তারা। "আমরা প্রথম থেকেই বলে আসছিলাম যে, এটা মহামারি ঘোষণা করে দেওয়া বা একটা স্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করা দরকার। সেটা করলে সর্বাত্মক একটা ব্যবস্থা নেওয়া যেত সবগুলো ফ্রন্ট থেকে,, বলছিলেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. বে-নজির আহমেদ। "আর সবগুলো ফ্রন্ট থেকে যদি হামের বিরুদ্ধে একসঙ্গে যুদ্ধ ঘোষণা করা যেত, তাহলে হাম এত দীর্ঘায়িত হতো না,, যোগ করেন ডা. আহমেদ। প্রাদুর্ভাবের শুরুতে হামকে মহামারি ঘোষণা করে সরকার সর্বাত্মকভাবে চেষ্টা করলে এত বিপুলসংখ্যক শিশু হাম ও হামের উপসর্গে আক্রান্ত হতো না বলেও মনে করেন রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) সাবেক এই প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা। "শুরুতেই গুরুত্ব দিয়ে সরকার যদি হামকে মহামারি ঘোষণা করতো এবং মিস ম্যানেজমেন্টের বদলে আরও বেশি ফোকাসড ম্যানেজমেন্ট করতে পারতো, আইসিইউ ফ্যাসিলিটিস বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ে বাড়ানো যেত এবং ডাক্তার ও নার্সদের এ বিষয়ে ট্রেনিং দিতে পারতো, তাহলে হাম এত বেশি ছড়াতো না, মৃত্যুও কম হতো,, বলেন ডা. আহমেদ।

**সরকার কী বলছে?**

বিশেষজ্ঞরা অব্যবস্থাপনার যে অভিযোগ তুলেছেন, সেটি অস্বীকার করেছে সরকার। কর্মকর্তারা উল্টো দাবি করেছেন যে, হামের প্রাদুর্ভাবের পরপরও তারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। "কিন্তু এত শিশু আক্রান্ত ও মারা যাওয়ার পরও সরকার কেন হামকে মহামারি ঘোষণা করলো না কিংবা স্বাস্থ্য জরুরি অবস্থা জারি করা কেন হলো না?,, প্রশ্ন তোলেন ডা. আহমেদ। বিষয়টি নিয়ে স্বাস্থ্য প্রতিমন্ত্রীর কাছে জানতে চাওয়া হলে তিনি সরাসরি কোনো মন্তব্য না করলেও দাবি করেছেন, পরিস্থিতি পুরোপুরি নিয়ন্ত্রণে আনতে তাদের চেষ্টার কমতি নেই। তবে বিশ্লেষকরা অবশ্য বলছেন, হাম ঘিরে জরুরি অবস্থা ঘোষণা না করার সিদ্ধান্তের পেছনে রাজনীতি থাকতে পারে। "এটা ইমার্জেন্সি ঘোষণা করলে সরকারের দিক থেকে সত্যিকার অর্থে কোনো ক্ষতি ছিল না। এটা একটা রাজনৈতিক স্ট্যান্ড বা অবস্থান,, বলছিলেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. বে-নজির আহমেদ। বিষয়টি আরেকটু ব্যাখ্যা করতে গিয়ে তিনি আরও বলেন, "সে অবস্থানটা এরকম যে, আমাদের সময় একটা হেলথ ইমার্জেন্সি বা একটা মহামারি ঘোষণা করা হয়েছে, এটা আমাদের ব্যর্থতা, আমাদের দুর্বলতা। কিন্তু আসলে এটা একটা ভুল ধারণা। কেননা এখন পর্যন্ত কেউই বলছে না যে, এই মহামারিটা হওয়ার দায় এই সরকারের। বলতেছে, এটা পূর্বতন সরকারের।,, "কাজেই মহামারি যদি ঘোষণা করা হতো, কিন্তু দায় তাদের হতো না- এটা ধরেই নেওয়া যায়। বরং মহামারি ঘোষণা করার পরে যদি এই অল আউট

ইফোর্টসগুলো নিতো, ত্বরিত ব্যবস্থা নিতো এবং খুব দ্রুত মহামারিটাকে থামিয়ে আনতো, মৃত্যু হতে দিতো না এত, তাহলে কিন্তু বরঞ্চ সরকার প্রশংসা পেত এবং তাদের এটা ক্রেডিট হিসেবে গণ্য হতো,„ যোগ করেন ডা. আহমেদ। কর্মকর্তারা বলছেন, শক্তিশালী রোগপ্রতিরোধ বলয় বা 'হার্ড ইমিউনিটি' গড়ে তোলার মাধ্যমে হাম পরিস্থিতির উন্নতি ঘটানোর পরিকল্পনা করেছে সরকার। এ লক্ষ্য দুই মাস আগে দেশব্যাপী টিকাদান কর্মসূচি শুরু হলেও এখনও শতভাগ শিশুকে টিকার আওতায় আনা সম্ভব হয়নি। এর মধ্যে আবার হাসপাতালগুলোতে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়তে শুরু করেছে। ফলে হাম পরিস্থিতির ওপর নিয়ন্ত্রণ রাখা সরকারের জন্য সামনের দিনগুলোতে কঠিন হয়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। (বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## দিল্লি বিমানবন্দরে উপদেষ্টা জাহেদ উর রহমানকে বাধা, কী বলছে পররাষ্ট্র মন্ত্রণালয়

ভারতের দিল্লি বিমানবন্দরে ইমিগ্রেশনের বাধায় পড়ে প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমানের দেশে ফিরে আসার ঘটনাকে অনাকাঙ্ক্ষিত হিসেবে বর্ণনা করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। "এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা। দুঃখজনকও বটে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা নিচ্ছে। দিন শেষে আমরা এ বিষয়ে জানাবো,„ পররাষ্ট্র মন্ত্রণালয়ে অপেক্ষমাণ সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছেন মি. রহমান। প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমান একটি সম্মেলনে যোগ দিতে ভারতের রাজধানী দিল্লিতে গেলেও ইমিগ্রেশনের বাধার মুখে অনেকটা সময় দিল্লি বিমানবন্দরে বসে থাকার পর শেষ পর্যন্ত সোমবার দুপুর নাগাদ ঢাকায় ফিরে এসেছেন। যদিও বিমানবন্দরে জিজ্ঞাসাবাদের পর দিল্লিতে বাংলাদেশ হাইকমিশনসহ নানা পক্ষের তৎপরতায় তাকে শেষ পর্যন্ত দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছিল। কিন্তু তিনি নিজেই দিল্লিতে প্রবেশ না করে ঢাকায় ফেরার সিদ্ধান্ত নেন এবং রাতে শ্রীলংকার কলম্বো যান। পরে সেখান থেকে আজ সকালে রওয়ানা দিয়ে দুপুরে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের একাধিক সূত্রে এসব তথ্য জানা গেছে। ঘটনা নিয়ে জাহেদ উর রহমানের সাথে বিবিসি বাংলা যোগাযোগ করলে তিনি এ মুহূর্তে কথা বলতে চাননি।

### ঘটনার বিস্তারিত কী জানা যাচ্ছে

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছেন, "এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা। দুঃখজনকও বটে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা নিচ্ছে। দিন শেষে আমরা এ বিষয়ে জানাবো।„ এদিকে, দিল্লিতে সংশ্লিষ্ট দফতর ও বাংলাদেশ হাইকমিশনের সূত্র বিবিসিকে জানিয়েছে, জাহেদ উর রহমান ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের সম্মেলনে যোগ দিতে দিল্লি গিয়েছিলেন। আজ থেকে শুরু হওয়া ওই বৈঠকে তার বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়ার কথা ছিল। ঢাকা থেকে রোববার বেলা ৩টার দিকে একটি ফ্লাইটে তিনি দিল্লি রওয়ানা হয়েছিলেন। ঢাকার পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র বলছে, তার এই সফরের আগে বিষয়টি কূটনৈতিক চিঠির মাধ্যমে ভারতীয় কর্তৃপক্ষকে জানানো হয়েছিল। দিল্লিতে বাংলাদেশ হাইকমিশন থেকেও ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছিল। তবে এই সম্মেলনে যোগ দিতে তিনি ব্যবহার করেছেন আগে থেকে নেওয়া একটি সার্ক স্টিকার (সার্ক ভিসা হিসেবে পরিচিত), যা বেশ কয়েক বছর আগে নেওয়া হয়েছিল। প্রতিমন্ত্রী মর্যাদাসম্পন্ন হওয়ার কারণে তিনি বাংলাদেশের কূটনৈতিক পাসপোর্ট পাওয়ার অধিকারী। তবে তিনি কূটনৈতিক পাসপোর্টের বদলে সাধারণ পাসপোর্টই ব্যবহার করেছিলেন। বিমান থেকে নেমে মি. রহমান তার এই পাসপোর্ট ভারতীয় ইমিগ্রেশনে দেওয়ার পর তাকে অপেক্ষা করতে বলা হয়। এরপর দীর্ঘ সময় ধরে তিনি সেখানে অপেক্ষমাণ ছিলেন এবং সেখানকার কর্মকর্তারা তাকে জিজ্ঞাসাবাদ করেছে, এমন তথ্যও পাওয়া গেছে। সূত্রগুলো বলছে, জাহেদ উর রহমানের পাসপোর্ট ভারত সরকারের তালিকায় 'ফ্ল্যাগড' ছিল। অর্থাৎ এই পাসপোর্টটি ভারত সরকারের সতর্কতামূলক আপত্তি তালিকায় ছিল। তবে এ বিষয়ে ভারতের কর্মকর্তারা কিছু জানাননি। এদিকে, তাকে স্বাগত জানাতে দিল্লিতে বাংলাদেশ হাইকমিশনের কর্মকর্তারা বিমানবন্দরে ছিলেন। পরবর্তীতে তাকে কেন্দ্র করে ভারত সরকারের বিভিন্ন পর্যায়ে ও বাংলাদেশে উচ্চ পর্যায়ে দফায় দফায় যোগাযোগ হয়। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বিবিসিকে জানান, দীর্ঘ সময় অপেক্ষমাণ থাকা ও জিজ্ঞাসাবাদের মুখোমুখি হওয়ার পর মি. রহমান ভারতে প্রবেশ না করে দেশে ফেরার সিদ্ধান্ত নেন।

যদিও এর মধ্যে ভারতীয় ইমিগ্রেশন তাকে দেশটিতে প্রবেশের অনুমতি দেওয়ার কথা জানায়। তবে তিনি তাতে সম্মতি দেননি। এরপর বাংলাদেশ হাইকমিশনই কলম্বো হয়ে তার দেশে ফেরার ব্যবস্থা করলে রোববার রাত ১টার দিকে তিনি কলম্বোর উদ্দেশ্যে দিল্লি ছাড়েন। এরপর আজ দুপুর নাগাদ তিনি ঢাকায় এসে পৌঁছান। জানা গেছে, বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের আগেই জাহেদ উর রহমানের ইউটিউব চ্যানেল ভারতে নিষিদ্ধ করা হয়েছিল। মি. রহমান আওয়ামী লীগ সরকারের শেষ দিকে এসে টেলিভিশন টক-শোর মাধ্যমে পরিচিতি পেয়েছিলেন। চলতি বছর ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে বিএনপি ক্ষমতায় আসার পর প্রধানমন্ত্রী তারেক রহমান তাকে প্রতিমন্ত্রীর মর্যাদায় পলিসি ও স্ট্রাটেজি এবং তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা হিসেবে নিয়োগ করেন। মি. রহমানকে নিয়ে দিল্লি বিমানবন্দরের ঘটনায় নতুন করে আলোচনায় আসছে বাংলাদেশ-ভারত কূটনৈতিক সম্পর্ক। অধ্যাপক মুহাম্মদ

ইউনূসের অন্তর্বর্তী সরকারের আমলে দুই দেশের সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকলেও বাংলাদেশে নতুন সরকার ক্ষমতায় আসার দুই দেশের দিক থেকেই সম্পর্ক উন্নয়নের আগ্রহ ব্যক্ত করা হচ্ছিল। তবে সম্প্রতি ভারত থেকে সীমান্তের বিভিন্ন পয়েন্ট দিয়ে 'কথিত বাংলাদেশি' হিসেবে লোক ঠেলে দেওয়ার চেষ্টা দেখা যাচ্ছে এবংএ নিয়ে দুই দেশের মধ্যে এক ধরনের উত্তেজনা আছে। (বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

## ইসলামী ব্যাংকে দুইদিনে পাঁচ হাজার কোটি টাকা বিশেষ ধার, পরিচালনা পর্ষদ বিলুপ্ত- সামনে কী?

তারল্য সংকট কাটাতে সোমবার দ্বিতীয় দফায় ইসলামী ব্যাংক বাংলাদেশকে আড়াই হাজার কোটি টাকা বিশেষ ধার দিয়েছে দেশের কেন্দ্রীয় ব্যাংক। এর আগে রোববারও ব্যাংকটিকে আড়াই হাজার কোটি টাকা বিশেষ ধার দেয় বাংলাদেশ ব্যাংক। দুইদিনে কেন্দ্রীয় ব্যাংকের কাছ থেকে পাঁচ হাজার কোটি টাকা বিশেষ ঋণ পাওয়ার কথা বিবিসিকে নিশ্চিত করেছেন ইসলামী ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক আলতাফ হুসাইন। এর আগে, গত রাতেই প্রায় তিন সপ্তাহের অস্থিরতা ও অচলাবস্থার পর ইসলামী ব্যাংকের চেয়ারম্যানসহ পরিচালনা পর্ষদ বিলুপ্ত করে দেয় বাংলাদেশ ব্যাংক। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদের দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ ব্যাংকের একজন নির্বাহী পরিচালককে নিয়োগ দেওয়া হয়েছে। এক আদেশে বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, মোহাম্মদ জহির হোসেন আপাতত ইসলামী ব্যাংকের পর্ষদের সব ক্ষমতা ও দায়িত্ব পালন করবেন। গত প্রায় এক দশক ধরে ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদ নিয়ে টানাপড়েন চলছে। সবশেষ চলতি বছর বিএনপি সরকার ক্ষমতায় আসার পর ব্যাংকটির পরিচালনা পর্ষদ পুনর্গঠনের মাধ্যমে এই ব্যাংকের ব্যবস্থাপনায় পরিবর্তন আনা শুরু হয়েছিল। এরপর চেয়ারম্যান নিয়োগকে কেন্দ্র করে গ্রাহকদের একটি অংশ বিক্ষোভ শুরু করে। এক পর্যায়ে বিষয়টি নিয়ে জাতীয় সংসদে সরকারি দল এবং বিরোধী দলের মধ্যে ব্যাপক বিতর্কও হয়। কিন্তু অচলাবস্থার নিরসন হয়নি।

### এরপর কী?

একদিকে দৈনিক বিক্ষোভ, আরেকদিকে গ্রাহকদের একটি অংশ ব্যাংক থেকে বড়ো অংকের অর্থ তুলে নেওয়ার ফলে তারল্য সংকটে পড়ে ইসলামী ব্যাংক। সেই সঙ্গে শীর্ষ পদে নিয়োগ নিয়ে পরিচালনা পর্ষদ, নির্বাহী কর্মকর্তা এবং কেন্দ্রীয় ব্যাংকের মধ্যে টানাপড়েন চলছিল। সব মিলিয়ে তিন সপ্তাহের বেশি সময় ধরে এক রকম অচলাস্থার মধ্যে পড়ে ব্যাংকটি। সবশেষ রোববার রাতে ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদ বিলুপ্ত করে কেন্দ্রীয় ব্যাংক। কারণ হিসেবে বাংলাদেশ ব্যাংক জানায়, 'ব্যাংক ও আমানতকারীদের স্বার্থে' পরিচালনা পর্ষদ বিলুপ্ত করা হয়েছে। রোববার ইস্যু করা চিঠিতে বাংলাদেশ ব্যাংক বলেছে, "ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারা এবং ৪৭(৩) ধারায় বাংলাদেশ ব্যাংকের ওপর অর্পিত ক্ষমতাবলে এবং 'ব্যাংক-কোম্পানির স্বার্থে, আমানতকারীদের স্বার্থে ও জনস্বার্থে' ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যানসহ সব পরিচালকের নিয়োগ বাতিল করা হয়েছে।„ ওই একই আইনেই কেন্দ্রীয় ব্যাংকের নির্বাহী পরিচালক মোহাম্মদ জহির হোসেনের নিয়োগের বিষয়টিও জানানো হয় বিজ্ঞপ্তিতে। চিঠিতে উল্লেখ করা সংক্ষিপ্ত কারণের বাইরে আর কোনো ব্যাখ্যা বা মন্তব্য করতে রাজি হননি কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা। এখন পরিচালনা পর্ষদ না থাকলে ব্যাংকের কার্যক্রম কীভাবে চলবে, গ্রাহকের দৈনন্দিন লেনদেনে কোনো প্রভাব পড়বে কী না- এমন প্রশ্ন উঠছে। কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক আরিফ হোসেন খান বিবিসিকে বলেছেন, কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের ফলে কোনো প্রভাব ইসলামী ব্যাংকে পড়বে না এবং ব্যাংকের যাবতীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মেই পরিচালিত হবে।

অন্যদিকে, ইসলামী ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক আলতাফ হুসাইন বিবিসিকে বলেছেন, গ্রাহকের টাকা তুলে নেওয়ার প্রবণতা কমছে, ফলে ইসলামী ব্যাংক ক্রমে সংকট কাটিয়ে উঠবে। তিনি জানিয়েছে, পরপর দুইদিনে বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে পাঁচ হাজার কোটি টাকা বিশেষ ধার পেয়েছে তার ব্যাংক। "তবে, এর মধ্য থেকে আমাদের প্রায় ৪০ শতাংশ টাকা ব্যবহার করা লাগবে না। গ্রাহকের টাকা তুলে নেওয়ার প্রবণতা কমছে, ফলে ওই টাকাটা আমাদের ব্যবহার করতে হবে না,„ বলেন মি. হুসাইন। সংকট কাটাতে গত সপ্তাহে কেন্দ্রীয় ব্যাংকের কাছে ১০ হাজার কোটি টাকা বিশেষ ঋণের আবেদন করে ইসলামী ব্যাংক। তিনি গ্রাহকদের ব্যাংকের প্রতি আস্থা রাখার আহ্বান জানান। এদিকে, কেন্দ্রীয় ব্যাংকের নির্বাহী পরিচালক মি. খান বলেন, নতুন নিয়োগপ্রাপ্ত মোহাম্মদ জহির হোসেন আপাতত ইসলামী ব্যাংকের যে-সব বিষয় বোর্ডের অনুমোদন বা সিদ্ধান্তের প্রয়োজন হয়, সেগুলো দেখ-ভাল করবেন। এখন কবে নাগাদ নতুন পর্ষদ গঠন করা হবে, সে নিয়ে কোনো আভাস দেননি তিনি। এদিকে, সোমবার ইসলামী ব্যাংকের পর্ষদের দায়িত্বপ্রাপ্ত মোহাম্মদ জহির হোসেন সাংবাদিকদের জানিয়েছেন, "(ইসলামী ব্যাংকে) দ্রুত পূর্ণাঙ্গ পরিচালনা পর্ষদ গঠনে যাচাই-বাছাই চলছে।„

### পর্ষদ ভাঙ্গার আগে যা যা ঘটেছে

সংকটের শুরু হয় ঈদুল আযহার আগে শরিয়াহভিত্তিক ব্যাংকটির চেয়ারম্যানের পদত্যাগ ও নতুন চেয়ারম্যান নিয়োগকে কেন্দ্র করে। গত ২৪ মে ব্যাংকের চেয়ারম্যান জোবায়দুর রহমান ও ব্যবস্থাপনা পরিচালক ওমর ফারুক খান পদত্যাগ করেন এবং সেদিন রাতেই ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান হিসেবে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর

খুরশীদ আলমকে নিয়োগ দেয় কেন্দ্রীয় ব্যাংক। উল্লেখ্য, তৎকালীন চেয়ারম্যান এম জুবায়দুর রহমান মে মাসে পদত্যাগ করলেও তিনি এপ্রিল থেকে দেড় মাসের বাধ্যতামূলক ছুটিতে ছিলেন। এদিকে, নতুন চেয়ারম্যানের নিয়োগ বাতিলের দাবিতে ২৪ মে থেকেই বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তের বিরোধিতা করে গ্রাহক ও কর্মকর্তা পরিচয়ে অনেককে আন্দোলন করতে দেখা যায় । এরপর পহেলা জুন 'ইসলামী ব্যাংকের সচেতন গ্রাহক ফোরাম'-এর ব্যানারে মতিঝিলে ব্যাংকটির প্রধান কার্যালয়ের সামনে বড়ো পরিসরে বিক্ষোভ কর্মসূচি পালিত হয়। তখন আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে লাঠিচার্জ, জলকামান, টিয়ারগ্যাস এবং সাউন্ড গ্রেনেড ব্যবহার করে পুলিশ। ওই ঘটনায় কয়েকজন আহত হওয়ার খবরও পাওয়া যায়। সেসময় বাংলাদেশ ব্যাংক জানিয়েছিল, নবনিযুক্ত চেয়ারম্যানকে পদ থেকে সরানো হবে না। ইসলামী ব্যাংক নিয়ে এই ধরনের অস্থিরতা যখন চলছে, তখন অভিযোগ ওঠে যে, অনেক আমানতকারী ব্যাংক থেকে অর্থ তুলে নিচ্ছেন। ব্যাংকটিতে কর্মরত একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বিবিসি বাংলার কাছে গত ১০ জুন দাবি করেন, নতুন চেয়ারম্যান নিয়োগের পর দুই সপ্তাহেরও কম সময়ে প্রায় পাঁচ হাজার কোটি টাকা ব্যাংক থেকে তুলে নেওয়া হয়েছে। এ ইস্যুতে সংসদেও পালটাপালটি বক্তব্য দিয়েছে সরকার ও বিরোধী দল। ব্যাংকটির শেয়ার প্রকৃত মালিকর কাছে ফিরিয়ে দেওয়া এবং ব্যাংক ব্যবস্থাপনায় 'অনভিপ্রেত হস্তক্ষেপ' বন্ধের দাবি তুলেছিল সংসদের বিরোধী দল জামায়াতে ইসলামী। অন্যদিকে, বিএনপি সরকারের পক্ষ থেকে ব্যাংকটির অতীত অনিয়ম এবং একে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার সংক্রান্ত তথ্য-উপাত্ত সংসদে তুলে ধরা হয়।

২০২৪ সালের ৫ আগস্টের পর ইসলামী ব্যাংকে কী কী অনিয়ম হয়েছে, সম্প্রতি তার একটি তালিকা সংসদে তুলে ধরেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, "নাবিল গ্রুপকে ৭০০ কোটি টাকার এলসির বিপরীতে লোন দেওয়া হয়েছে, পরে এই মালামাল বিক্রি করে ব্যাংকে টাকা ফেরত দেওয়া হয়নি।„ ইসলামী ব্যাংকের আরডিএস নামে একটি ফ্ল্যাগশিপ প্রকল্প নিয়েও প্রশ্ন তোলেন মি. আহমদ। তিনি দাবি করেন, এই প্রকল্পের মাধ্যমে ২২ হাজার কোটি টাকা বিতরণ করা হয়েছে। ৫ আগস্টের পর নির্বাচনি বৈতরণি পার হতে ১১ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। এর মধ্যে ১০ জুন ব্যাংকটিতে পর্যবেক্ষক নিয়োগ দেয় কেন্দ্রীয় ব্যাংক। কিন্তু পর্যবেক্ষক বসানোর পরও আন্দোলন থামেনি। সবশেষ গত ১৩ জুন চেয়ারম্যানকে সরিয়ে দেওয়াসহ সাত দাবিতে সংবাদ সম্মেলন করে 'গ্রাহক ফোরাম' এবং এর পরদিন, অর্থাৎ গতকাল তারল্য সংকট কাটাতে ইসলামী ব্যাংককে আড়াই হাজার টাকা বিশেষ ঋণ দেয় বাংলাদেশ ব্যাংক। এর আগে, ইসলামী ব্যাংকের অনেক গ্রাহক দাবি করেন যে, তারা টাকা তুলতে পারছেন না। সবশেষ গতকাল বিকেলে ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক আলতাফ হোসেনসহ শীর্ষ কর্মকর্তারা কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের সাথে বৈঠক করেন। দীর্ঘ বৈঠকের পর রাত পৌনে ১০টার দিকে ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদ বাতিলের সিদ্ধান্ত জানায় বাংলাদেশ ব্যাংক।

**ইসলামী ব্যাংক দখল-পুনর্দখল**

ইসলামী ব্যাংকের নিয়ন্ত্রণ নিয়ে টানাপোড়েন নতুন নয়। প্রতিষ্ঠার পর থেকেই বিভিন্ন সময় ভিন্ন ভিন্ন রাজনৈতিক ও ব্যবসায়িক গোষ্ঠীর প্রভাবের অভিযোগ রয়েছে ব্যাংকটিকে ঘিরে। এক সময় জামায়াতে ইসলামীর ঘনিষ্ঠ ব্যাংক হিসেবে পরিচিতি পাওয়া প্রতিষ্ঠানটি আওয়ামী লীগ সরকারের আমলে আলোচিত শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের দখলে চলে যায়। ২০১৭ সাল থেকে দীর্ঘ সময় ধরে এস আলম গ্রুপ ইসলামী ব্যাংকের ৮২ শতাংশ শেয়ার নিয়ন্ত্রণ করে আসছিল এবং ব্যাংটির বিরুদ্ধে তখন নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ ওঠে। এস আলম গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সাইফুল আলমসহ ৬৭ জনের বিরুদ্ধে প্রায় সাড়ে ১০ হাজার কোটি টাকা আত্মসাৎ ও বিদেশে পাচারের অভিযোগে মামলাও করেছে দুদক। আওয়ামী লীগ সরকারের পতনের পর ব্যাংকটির পরিচালনা পর্ষদ পুনর্গঠন করে অন্তর্বর্তীকালীন সরকার। কয়েক হাজার কর্মীকে চাকরিচ্যুত করার মাধ্যমে ব্যাংক থেকে এস আলম গ্রুপের প্রভাবমুক্ত করার প্রক্রিয়া শুরু হয়। তবে অভিযোগ রয়েছে, ওই সময় আবারও ব্যাংকটিকে নিজেদের নিয়ন্ত্রণে নিয়েছিল জামায়াতে ইসলামী সমর্থকরা। সেসময় তারা নিজেদের মতো করে পর্ষদ সাজিয়েছিল বলে অভিযোগ রয়েছে। সবশেষ চলতি বছরের ফেব্রুয়ারিতে ক্ষমতায় আসার পর এবার বিএনপি সরকার নিজের অনুগত ব্যক্তিদের দিয়ে ব্যাংকটিকে নতুন করে সাজাতে চাইছে, এমন অভিযোগ ওঠে। মূলত, দখল এবং পাল্টা দখলের এ লড়াই থেকেই এখন বেসরকারি খাতের ব্যাংকটিতে অচলাবস্থা তৈরি হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

## বেনজীরের বিরুদ্ধে তিনটি গ্রেফতারি পরোয়ানা সরকারের কাছে পাঠিয়েছে ট্রাইব্যুনাল

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল থেকে সাবেক আইজিপি বেনজীর আহমেদের বিরুদ্ধে তিনটি ওয়ারেন্ট বা গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। সোমবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সেমিনার কক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। প্রসঙ্গত, বেনজীর আহমেদ দুবাইয়ে গ্রেফতার হয়েছেন বলে রোববার সংসদে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেন, "আমাদের এখানে সাবেক আইজিপি বেনজীর আহমেদের একটা মামলার বিচার চলছে। শাপলা চত্বর মামলায় তদন্ত প্রায় শেষের দিকে। এছাড়া কমিশনার একরাম হত্যা মামলায় ইতোমধ্যে তার বিরুদ্ধে

ফরমাল চার্জ আমরা রেডি করেছি। এটা সাবমিট করবো খুব শিগ্গিরই।„ চিফ প্রসিকিউটর বলেন, ”প্রায় ছয় থেকে সাতটি মামলার তদন্ত চলছে তার বিরুদ্ধে। অসংখ্য গুমের অপরাধের সাথে তার সম্পৃক্ততা আছে। তার বিরুদ্ধে আমাদের ট্রাইব্যুনালের বাইরেও ফিন্যান্সিয়াল ক্রাইমের অসংখ্য অভিযোগ আছে।„ তিনি জানান, ”ইন্টারপোলের কাছে ওয়ারেন্টের কপি যাবে। সেই কপি চেয়ে আমাদের পক্ষ থেকে সরকার ইতোমধ্যে আমার জানামতে তাকে প্রত্যর্পণ চেয়ে, তাকে বিনিময় চেয়ে ইতোমধ্যে তাকে ফেরত চেয়ে আবেদন জানানো হয়েছে।„ আমিনুল ইসলাম বলেন, ”কূটনৈতিক চ্যানেলে এই প্রক্রিয়া শেষ হলে সেখানে আমরা যতটুকু জানি একমাস সময় লাগে। হয়ত একমাসের মধ্যেই সংযুক্ত আরব আমিরাতে সরকার তাকে বাংলাদেশে ফেরত দেবে। তিনি ফেরত আসা সাপেক্ষে আমাদের এখানের চলমান মামলাগুলোতে তাকে আদালতে আনা হবে।„ তিনি জানান, বাংলাদেশে ফেরানোর পর বিভিন্ন মামলায় জিজ্ঞাসাবাদের জন্য তাকে রিমান্ডে নেওয়ার আবেদন করবে ট্রাইব্যুনাল।
(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## প্রধানমন্ত্রীর উপদেষ্টাকে দিল্লিতে প্রবেশে বাধা দেওয়ার ঘটনায় ঢাকায় ভারতের হাইকমিশনারকে তলব

প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমানকে রোববার দিল্লির বিমানবন্দরে ইমিগ্রশনের বাধা দেওয়ার ঘটনার প্রতিক্রিয়ায় ঢাকায় ভারতীয় ভারপ্রাপ্ত হাইকমিশনার ভারপ্রাপ্ত হাই কমিশনার পাওয়ানকুমার বঢেকে তলব করেছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। সোমবার বিকেলে তিনটায় তাকে তলব করা হয় বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র শহিদুল করিম। সোমবার ভারতের ভারপ্রাপ্ত হাই কমিশনারকে ডেকে ঢাকার প্রতিবাদপত্র তার হাতে তুলে দিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মি. করিম জানান, ”প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদুর রহমানের সাথে ঘটে যাওয়া ঘটনার প্রেক্ষিতে ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে আমাদের অসন্তোষ ব্যক্ত করা হয়েছে।„ এর আগে, দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেছেন, দিল্লির ঘটনাটি অনাকাঙ্ক্ষিত এবং দুঃখজনক। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামও সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, দিল্লি বিমানবন্দরে প্রধানমন্ত্রীর উপদেষ্টার সঙ্গে যা হয়েছে, তা কোনোভাবেই প্রত্যাশিত নয়। ঘটনার বিস্তারিত খবর নিচ্ছে সংশ্লিষ্ট উইং। তারপরে সরকার ব্যবস্থা গ্রহণ করবে। প্রসঙ্গত, জাহেদ উর রহমান একটি সম্মেলনে যোগ দিতে ভারতের রাজধানী দিল্লিতে গেলেও, ইমিগ্রেশনের বাধার মুখে অনেকটা সময় দিল্লি বিমানবন্দরে বসে থাকার পর শেষ পর্যন্ত সোমবার দুপুর নাগাদ ঢাকায় ফিরে এসেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## হাম ও উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় আরও চার শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে চারজন শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মৃত্যু বেড়ে ৬৫৬ জনে দাঁড়িয়েছে। গত ২৪ ঘণ্টায় যারা মারা গেছে, তাদের মধ্যে একজন শিশুর হাম শনাক্ত হয়েছিল, আর বাকি তিনজনের উপসর্গ ছিল। চার শিশুর সবাই ঢাকায় মারা গেছে। সোমবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়েছে, রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় সারাদেশে ৯৭২ জন শিশুর শরীরে হামের উপসর্গ দেখা গেছে। এসময়ে নতুন করে হাম শনাক্ত হয়েছে ৬৪ শিশুর। ২৪ ঘণ্টায় মোট ১০৩৬ শিশু আক্রান্ত হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## স্থানীয় নির্বাচন কবে ও আওয়ামী লীগের অংশগ্রহণ নিয়ে সংসদে রুমিন ফারহানার প্রশ্ন

জাতীয় সংসদের চলমান বাজেট অধিবেশনে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানগুলোর নির্বাচন ও এই নির্বাচনে আওয়ামী লীগের নেতাকর্মীরা অংশগ্রহণ করতে পারবে কী-না, সেই প্রশ্ন উঠেছে। সোমবার স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের কাছে এ বিষয়টি নিয়ে জানতে চান। এসময়ে মিজ ফারহানা বলেন, ”আমরা দেখেছি, দেশের জেলাগুলোতে প্রশাসক নিয়োগ করা হয়েছে। প্রতিটি জেলা প্রশাসকই দলীয়ভাবে মনোনীত। আমরা তো গণতন্ত্রের জন্য ১০ বছর লড়াই করেছি। অথচ জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে দলীয় বিবেচনায়।” এসময় তিনি বলেন, ”সংবিধান অনুযায়ী, স্থানীয় পর্যায়ের পুরো শাসন ব্যবস্থা যারা প্রতিনিধি নির্বাচিত হবে, তাদের মাধ্যমে হওয়ার কথা। কিন্তু আমরা দেখতে পেলাম যে, এই মন্ত্রণালয়ের যে জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে, তাদের অধীনে জেলাগুলো শাসিত হচ্ছে। এটা কিন্তু সংবিধানের সাথে সরাসরি সাংঘর্ষিক।„ তিনি স্থানীয় সরকার মন্ত্রীর উদ্দেশ্যে তিনি বলেন, ”মন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাচ্ছি, স্থানীয় সরকার নির্বাচন কবে হবে।„ স্থানীয় নির্বাচনে আওয়ামী লীগের নেতা-কর্মীরা অংশ নিতে পারবে কি-না, সেই প্রসঙ্গ টেনে রুমিন ফারহানা বলেন, ”কখনও আমরা শুনতে পাচ্ছি যে, নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ অংশ নিতে পারবে, কেউ বলছে পারবে না। কেউ বলছে, দলীয় প্রতীকে হবে না বলে যারা ক্লিন ইমেজের আছেন, তারা পারবেন। এই বিষয়গুলো যদি মাননীয় মন্ত্রী পরিষ্কার করতেন, আমার মনে হয়, সংসদ সদস্যরা যারা আছি, তাদের বুঝতে সুবিধা হতো।„ তার প্রশ্নের জবাবে স্থানীয় সরকার মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, ”স্থানীয় সরকার নির্বাচনের ব্যাপারে

আশ্বস্ত করতে পারি যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে। যে সিদ্ধান্তে আমরা একমত হয়েছি, সেই সিদ্ধান্ত অনুযায়ী যথাসময়ে নির্বাচন হবে।"(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## দুই ছেলের নামে দুই ইউনিয়নের নাম, সংসদে অভিযোগের যে ব্যাখ্যা দিলেন প্রতিমন্ত্রী, 'মিরাক্যালি

স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের নির্বাচনি এলাকায় তার দুই ছেলের নামে নতুন দুইটি ইউনিয়নের নামকরণের বিষয়টি নিয়ে নানা আলোচনা-সমালোচনার পর এ নিয়ে সংসদে ব্যাখ্যা দিয়েছেন তিনি। সোমবার জামায়াতে ইসলামীর সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ এ নিয়ে প্রশ্ন তোলেন সংসদে। সংসদে মি. মাসুদ বলেন, "স্থানীয় সরকার প্রতিমন্ত্রীর এলাকার দুটি উপজেলায় কয়েকটি ইউনিয়ন হয়েছে। সেখানে ওনার পরিবার বা মীর বংশের নামে একটা ইউনিয়নের নাম করা হয়েছে। ওনার দুই সন্তানের নামে দিগন্ত ও সীমান্ত দুই সন্তানের নামে দুইটা ইউনিয়নের নাম করা হয়েছে।„ পরে সংসদে ২৭৪ বিধিতে ব্যক্তিগত কৈফিয়ত দেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মি. আলম। যেখানে তিনি বলেন, "আমার নির্বাচনি এলাকা মোকামতলার দূরবর্তী দুইটি ইউনিয়ন সৈয়দপুর ও দেউলী ইউনিয়ন। এই দুইটি ইউনিয়ন অনেক বড়ো ছিল। স্থানীয় প্রশাসন, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসক যাচাই-বাছাই করে গণশুনানি করে সৈয়দপুর ইউনিয়নটি যেহেতু গাবতলী ও সোনাতলা সীমান্তে, সেই কারণে সৈয়দপুরের সাথে নাম মিল করে সীমান্তবর্তী হওয়ায় নতুন ইউনিয়নের নাম করেছে সীমান্ত ইউনিয়ন।„ তিনি আরো বলেন, "আরেকটি ইউনিয়নের নাম ছিল দেউলী ইউনিয়ন। যেটি গাইবান্ধার একদম কাছে, অনেক দূরে হওয়ায় যে কারণে স্থানীয় প্রশাসন এবং জনগণের শুনানিতে সেই ইউনিয়নের নাম রাখা হয়েছে দিগন্ত ইউনিয়ন।„ এসময় তিনি দেশের বিভিন্ন জায়গায় সীমান্ত ও দিগন্ত নামে যে-সব স্থান রয়েছে, সেগুলোরও উদাহরণ টানেন সংসদে। পরে জামায়াতের এমপির উদ্দেশ্যে মীর শাহে আলম বলেন, "এরকম সীমান্ত ও দিগন্ত নামকরণ বহু নাম বাংলাদেশের বিভিন্ন জায়গায় রয়েছে। উনি কেন এর সাথে আমার সন্তানদের নাম জড়ালেন।„ স্থানীয় সরকার প্রতিমন্ত্রী আরও বলেন, "মিরাক্যালি আমার সন্তানদের নামের সাথে মিলে গেছে ঠিকই। আমার সন্তানের নাম হচ্ছে মীর সীমান্ত ও মীর দিগন্ত। আমার যদি ইনটেনশন থাকতো সন্তানের নামে ইউনিয়নের নামকরণ করার, তাহলে তো আমি প্রশাসনকে বলতাম মীর সীমান্ত ও মীর দিগন্ত রাখার। কিন্তু ইউনিয়নের নামের আগে তো মীর নাই মাননীয় স্পিকার।„

(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

## ঢাকার তিনটি বাস টার্মিনাল নগরীর বাইরে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত

বাংলাদেশের রাজধানী ঢাকার যানজট সমস্যা নিরসনে ঢাকার তিনটি বাস টার্মিনাল নগরীর বাইরে স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন নিয়ে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। এই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী, সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর মন্ত্রীসহ ঢাকার দুইটি সিটি করপোরেশনের প্রশাসকও উপস্থিত ছিলেন। ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম মিল্টন বিবিসি বাংলাকে বলেন, "ঢাকা শহরের মধ্যে থাকা বাস টার্মিনালগুলোতে রাস্তার ওপর বাস দাঁড়িয়ে থাকায় বিভিন্ন সময় যানজট ও ভোগান্তি সৃষ্টি হয়। যে কারণে ঢাকার তিনটি বাস টার্মিনালকে শহরের বাইরে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।„ তিনি জানান, প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী ঢাকার মহাখালী, সায়েদাবাদ ও গুলিস্তানের ফুলবাড়িয়া বাস টার্মিনালকে নগরীর বাইরে স্থানান্তর করার সিদ্ধান্ত হয়েছে। সরকারের নেওয়া এই সিদ্ধান্ত কবে বাস্তবায়ন হবে, এমন প্রশ্নের জবাবে মি. মিল্টন জানান, খুব দ্রুতই এই টার্মিনালগুলো সরিয়ে ফেলার সিদ্ধান্ত হয়েছে। তবে ঠিক কবে নাগাদ তা বাস্তবায়ন হবে- এমন কোনো নির্দেশনা দেওয়া হয়নি।

(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

## দুদক শক্তিশালী হলে কেন সরকারগুলো ভয় পায়- প্রশ্ন রুমিন ফারহানার, জবাব দিলেন স্বরাষ্ট্রমন্ত্রী

সোমবার দুর্নীতি ইস্যুতে বাহাস হয়েছে স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের মধ্যে। আলোচনায় অংশ নিয়ে মিজ ফারহানা অভিযোগ করেন, বাংলাদেশে সবার ওপরে দুইটি দুর্নীতিগ্রস্ত পেশার মধ্যে এক নম্বরে আছে রাজনীতিবিদদের নাম, দুই নম্বরে আছে আমলাদের নাম। তিনি বলেন, "বাংলাদেশ ২০০৫ সাল থেকে শুরু করে ২০১০ পর্যন্ত টানা পাঁচ বছর দুর্নীতিতে চ্যাম্পিয়ন হয়েছিল। বিগত আওয়ামী লীগ সরকারের আমলে ভয়াবহ দুর্নীতি হয়েছে, সেটাও আমরা দেখেছি। ব্যাংক থেকে অর্থ আত্মসাৎ, ইচ্ছাকৃত ঋণখেলাপি হতে দেখেছি। মেগা প্রজেক্টে মেগা দুর্নীতি দেখেছি„। রুমিন ফারহানা অভিযোগ করেন, "আমাদের আশা ছিল ৫ আগস্টের পর নতুন বাংলাদেশের কথা হচ্ছে, তখন দুদককে নখদন্তহীন বাঘ থেকে শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করতে পারবো। যে কারণে অন্তর্বর্তীকালীন সরকার দুর্নীতি দমন কমিশন সংশোধন অধ্যাদেশও করেছিল„। "এই সরকার ক্ষমতায় আসার পর ১০০ ওপর অধ্যাদেশ আইনে পরিণত হয়েছে, কিন্তু দুর্নীতি দমন কমিশন সংশোধন অধ্যাদেশ আইন করা হয়নি। সরকারের নিয়ত কী, তা এই দুর্নীতি দমন কমিশনকে নখদন্তহীন করে রাখার যে সংস্কৃতি সেখান থেকে বের না হওয়ার উদাহরণ দিয়েই স্পষ্ট হয়ে যায়, এই সরকার আসলে দুর্নীতি দমন করবার ব্যাপারে কতটুকু আন্তরিক„, যোগ করেন তিনি। তিনি এসময় বলেন, দুদককে শক্তিশালী করা হলে কেন সরকারগুলো ভয় পায়, কিছু কিছু আমরা বুঝি। সরকারে

সরাসরি যুক্ত থাকে রাজনীতিবিদরা এবং পরোক্ষভাবে যুক্ত থাকে আমলারা। সেই কারণে দুর্নীতি দমন কমিশন যদি শক্তিশালী হয়ে যা,য় তখন রাজনীতিবিদ এবং আমলাদের জন্য খুব ভাল খবর সেটা নয়„।

এর জবাবে স্বরাষ্ট্র মন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ”রুমিন ফারহানা বলেছেন, দুর্নীতি সব জায়গায় হয় মাননীয় স্পিকার। ঘুরেফিরে সব দোষ রাজনীতিবিদদের হয়। কিন্তু যতগুলো স্বাক্ষর হয় শেষে রাজনীতিবিদের স্বাক্ষর করতে হয়। এজন্য সব দোষ তার„। পরে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ”আমরা শক্তিশালী দুর্নীতিদমন কমিশন গঠন করবো বলে আমরা দুর্নীতি দমন সংক্রান্ত অধ্যাদেশটা তখন গ্রহণ করিনি, এখন আলোচনা শুরু হয়েছে এবং বাংলাদেশের একটি শক্তিশালী দুর্নীতি দমন কমিশন প্রতিষ্ঠিত হবে„।(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### লাইসেন্স বাতিলের মাধ্যমে আমাকে ফাঁসি দেওয়া হয়েছে : আদ্-দ্বীন হাসপাতালের মালিক

বাংলাদেশের রাজধানীর মগবাজারের আদ্-দ্বীন মেডিকেল কলেজ ও হাসপাতালে ৬ নবজাতকের মৃত্যুর জেরে হাসপাতালের নিবন্ধন বাতিলকে নিজের `ফাঁসির, সমতুল্য বলে মন্তব্য করেছেন আদ্-দ্বীন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ডা. শেখ মহিউদ্দিন। একইসঙ্গে, হাসপাতাল বাঁচাতে তিনি কোটি কোটি টাকা নিয়ে স্বাস্থ্যমন্ত্রীর পেছনে ঘুরেছেন- মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেনের এমন দাবিকে সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন বলে প্রত্যাখ্যান করেছেন তিনি। আজ (সোমবার) বিকেল ৪টায় আদ্-দ্বীন হাসপাতালে আয়োজিত এক সংবাদ সম্মেলনে লাইসেন্স বাতিল, ভেন্টিলেশন সমস্যা, শিশু মৃত্যুর ঘটনা এবং চলমান সংস্কার কার্যক্রম নিয়ে কথা বলেন ডা. শেখ মহিউদ্দিন। সংবাদ সম্মেলনে ডা. শেখ মহিউদ্দিন বলেন, ”শিশু মৃত্যুর ঘটনায় হাসপাতালের নিবন্ধন বাতিলের মাধ্যমে মূলত আমাকে ফাঁসি দেওয়া হয়েছে। অথচ ঠিক কী কারণে শিশুদের মৃত্যু হয়েছে, তা এখনো জানা যায়নি। স্বাস্থ্য মন্ত্রণালয়ের তদন্ত প্রতিবেদনেও মৃত্যুর সুস্পষ্ট কারণ উল্লেখ করা হয়নি। যে-সব শিশু মারা গেছে, তাদের ময়নাতদন্তও করা হয়নি।„ এর আগে, গত ১৩ জুন নরসিংদীর এক অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন দাবি করেছিলেন, আদ্-দ্বীন হাসপাতাল কর্তৃপক্ষ লাইসেন্স বাঁচাতে কোটি কোটি টাকা নিয়ে তার পেছনে ঘুরেছে, কিন্তু সরকার দুর্নীতির ঊর্ধ্বে থেকে লাইসেন্স বাতিল করে দিয়েছে। মন্ত্রীর এই বক্তব্যের জবাবে ক্ষোভ প্রকাশ করে শেখ মহিউদ্দিন বলেন, ”আমি কেন মন্ত্রীর পেছনে টাকা নিয়ে ঘুরব? আমি টাকা নিয়ে ঘুরিনি। মন্ত্রী মহোদয় যদি এ বিষয়ে কিছু বলে থাকেন, তবে তাকেই সেটি প্রমাণ করতে হবে।„

উল্লেখ্য, গত ২৭ মে আদ্-দ্বীন হাসপাতালে ৬ নবজাতকের মৃত্যুর অভিযোগ ওঠে। এ ঘটনায় তদন্ত কমিটির বরাতে স্বাস্থ্যমন্ত্রী জানান, দায়িত্বরত চিকিৎসক ও নার্স না থাকা এবং হাসপাতাল কর্তৃপক্ষের চরম অবহেলার বিষয়টি স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। এরপর গত ১১ জুন স্বাস্থ্য অধিদপ্তর হাসপাতালটির নিবন্ধন বাতিল করে। এর মাঝেই ভুক্তভোগী পরিবারগুলোকে ৮০ লাখ টাকা করে ক্ষতিপূরণ, আজীবন বিনামূল্যে চিকিৎসা এবং চাকরির প্রতিশ্রুতি দিলেও শেষ রক্ষা হয়নি প্রতিষ্ঠানটির। সংবাদ সম্মেলনে আদ্-দ্বীন কর্তৃপক্ষ জানায়, তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট কারণ না থাকলেও যে-সব ত্রুটির কথা বলা হয়েছে, বুয়েটের প্রকৌশলীসহ বিশেষজ্ঞ দলের পরামর্শে তা সংস্কারের কাজ শুরু হয়েছে। একজন বুয়েট ইঞ্জিনিয়ার, একজন সিভিল ইঞ্জিনিয়ার ও একজন কেমিক্যাল ইঞ্জিনিয়ারের সমন্বয়ে গঠিত এই দলের পর্যবেক্ষণে মূল উদ্বেগের বিষয় ছিল ভেন্টিলেশন ও কার্বন ডাই-অক্সাইডের মাত্রা। ইতোমধ্যে হাসপাতাল কর্তৃপক্ষ কার্বন ডাই-অক্সাইড, কার্বন মনোক্সাইড ও অক্সিজেন পরিমাপের আধুনিক যন্ত্র কিনে প্রতিটি রুম পরীক্ষা করছে। তবে পরীক্ষায় কোনো রুমেই ক্ষতিকারক মাত্রার বিচ্যুতি পাওয়া যায়নি দাবি করে ডা. মহিউদ্দিন বলেন, ”নবজাতকদের শারীরিক সহনশীলতা বড়োদের চেয়ে ভিন্ন হওয়ায় ভেন্টিলেশনের সামান্য পরিবর্তনও সংবেদনশীল হতে পারে। তবে বর্তমানে যে মাত্রা পাওয়া গেছে, তা শিশু মৃত্যুর কারণ হওয়ার মতো নয়।„ তিনি আরও জানান, সিলগালা করা শিশু ওয়ার্ডটির চাবি চাওয়া হয়েছে এবং এক সপ্তাহের মধ্যেই সব সংস্কার শেষ করা সম্ভব হবে। এছাড়া হাসপাতালের ওপরের তলার বিতর্কিত বেকারিটি সাময়িকভাবে বন্ধ করে অন্য জায়গায় স্থানান্তরের প্রক্রিয়া চলছে। বর্তমানে হাসপাতালে ৬০ জন আশঙ্কাজনক রোগী চিকিৎসাধীন থাকায় তাদের দ্রুত স্থানান্তর করা সম্ভব হচ্ছে না। সরকারের কোনো আশ্বাস না পেলেও হাসপাতাল কর্তৃপক্ষ আগামী ৩০ দিনের মধ্যে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আইনিভাবে আপিল করবে এবং এর আবেদনপত্র ইতিমধ্যে প্রস্তুত করা হয়েছে বলে সংবাদ সম্মেলনে নিশ্চিত করা হয়।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

### বাংলাদেশের উপদেষ্টাকে দিল্লিতে প্রবেশে বাধা, প্রতিবাদে ভারতীয় দূতকে তলব

ভারতের ইমিগ্রেশন কর্তৃপক্ষ বাংলাদেশের প্রধানমন্ত্রীর পলিসি ও স্ট্র্যাটেজিবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমানকে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবেশে বাধা দেওয়ার ঘটনায় ঢাকায় নিযুক্ত ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার পবন বঢেকে তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (দক্ষিণ এশিয়া অনুবিভাগ) ইশরাত জাহান তাকে তলব করে ঘটনার বিস্তারিত ব্যাখ্যা চান। উপদেষ্টা জাহেদ উর রহমান রোববার

সন্ধ্যায় দিল্লিতে অনুষ্ঠেয় ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) জ্যেষ্ঠ কর্মকর্তাদের দুইদিনের বৈঠকে অংশ নিতে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়ার লক্ষ্যে বিমানবন্দরে পৌঁছান। কূটনৈতিক চিঠির মাধ্যমে আগেই ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানানো সত্ত্বেও বিমানবন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষ তাকে আড়াই ঘণ্টা আটকে রাখে এবং জিজ্ঞাসাবাদ করে। পরে উচ্চ মহলের নির্দেশে তাকে প্রবেশের অনুমতি দেওয়া হলেও উপদেষ্টা 'অসৌজন্যমূলক আচরণ, ও দীর্ঘক্ষণ আটকে রাখার প্রতিবাদে সফর বাতিল করে দেশে ফেরার সিদ্ধান্ত নেন। তিনি শ্রীলঙ্কার কলম্বো হয়ে সোমবার বেলা সাড়ে **১১**টার দিকে ঢাকায় ফিরে আসেন।

এই ঘটনাকে 'অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক, মন্তব্য করে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেন, "এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছে।„ পরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জানান, পুরো ঘটনা খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামও সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, দিল্লি বিমানবন্দরে প্রধানমন্ত্রীর উপদেষ্টার সঙ্গে যা হয়েছে, তা কোনোভাবেই প্রত্যাশিত নয়। ঘটনার বিস্তারিত খবর নিচ্ছে সংশ্লিষ্ট উইং। এদিকে, নয়া দিল্লিতে বাংলাদেশ হাইকমিশন গত শুক্রবারই কূটনৈতিক পত্র দিয়ে এই সফরের বিষয়টি ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানিয়েছিল। হাইকমিশনার ব্যক্তিগতভাবেও ফোনে কথা বলেছিলেন। তার পরও কেন এই ঘটনা ঘটল, তা এখনও স্পষ্ট নয়। সফর নিয়ে হাইকমিশনের যোগাযোগে কোনো ব্যর্থতা ছিল কি না, সেই প্রশ্নও উঠেছে, যদিও হাইকমিশন থেকে এখনো কোনো বিবৃতি আসেনি।

(রেডিও তেহরান ওয়েব পেজ : **১৫.০৬.২০২৬** নারগীস)

## এনএইচকে

### তেহরান বড়ো ধরনের বিজয় অর্জন করেছে: ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী

ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, সমঝোতা স্মারকের খসড়া চূড়ান্ত করা হয়েছে এবং শুক্রবার সুইজারল্যান্ডে এটি স্বাক্ষরিত হবে। কাজেম গারিবাবাদী সোমবার রাষ্ট্রীয় গণমাধ্যমে একটি বিবৃতি জারি করেছেন , যেখানে তিনি দাবি করেছেন যে, ইরান এই যুদ্ধে বড়ো ধরনের বিজয় অর্জন করেছে। গারিবাবাদী জানিয়েছেন যে , লেবাননসহ সব রণাঙ্গনে অবিলম্বে এবং স্থায়ীভাবে যুদ্ধাবসান , সেইসাথে ইরানের বিরুদ্ধে মার্কিন নৌবাহিনীর অবরোধ প্রত্যাহার অবিলম্বে কার্যকর হবে। তিনি আরও বলেন , সমঝোতা স্মারকের অবশিষ্ট বিধানগুলো আগামী শুক্রবার এটি আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরের পর কার্যকর হবে। তিনি আরও বলেন যে , দ্বিতীয় পর্যায়ের ৬০ দিনব্যাপী আলোচনা পর্বে ইরানের পারমাণবিক উন্নয়ন এবং ইরানের ওপর থেকে মার্কিন নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়ে আলোচনা করা হবে। ওই কর্মকর্তা সতর্ক করে বলেছেন যে, ইরানের সশস্ত্র বাহিনী "সর্বদা ট্রিগারে আঙুল প্রস্তুত রাখবে।„

(এনএইচকে ওয়েব পেজ: **১৫.০৬.২০২৬** রুবাইয়া)

## ডয়চে ভেলে

### প্রধানমন্ত্রীর উপদেষ্টার ঘটনায় বাংলাদেশ সরকারের প্রতিক্রিয়া

ঢাকায় ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার পবন বঢেকে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করা হয়েছে। প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমানের সঙ্গে গতকাল রোববার দিল্লির বিমানবন্দরে যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে, তা নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছে বাংলাদেশ। আজ সোমবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের একাধিক জ্যেষ্ঠ কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেন। এর আগে, দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেন, দিল্লির ঘটনাটি অনাকাঙ্ক্ষিত। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামও সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, দিল্লি বিমানবন্দরে প্রধানমন্ত্রীর উপদেষ্টার সঙ্গে যা হয়েছে, তা কোনোভাবেই প্রত্যাশিত নয়। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর খবরে বলা হয়, কূটনৈতিক চিঠি দিয়ে আগে জানানোর পরও গতকাল রোববার সন্ধ্যায় ভারতের ইমিগ্রেশন কর্তৃপক্ষ 'রহস্যজনক কারণে' প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমানকে দিল্লিতে ঢুকতে বাধা দেয়। পরে উচ্চ মহলের নির্দেশে অনুমতি দেওয়া হলেও, প্রধানমন্ত্রীর উপদেষ্টা দিল্লিতে না গিয়ে কলম্বো হয়ে আজ দুপুরে ঢাকায় ফেরেন। আজ থেকে দিল্লিতে ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ)-র জ্যেষ্ঠ কর্মকর্তাদের দুইদিনের বৈঠক শুরু হওয়ার কথা। সেখানে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা হিসেবে উপদেষ্টার অংশ নেওয়ার কথা ছিল।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: **১৫.০৬.২০২৬** রনি)

### বাংলাদেশের প্রধানমন্ত্রীর উপদেষ্টার দিল্লিতে প্রবেশ নিয়ে বিতর্ক

কূটনৈতিক পত্র দিয়ে আগাম অবহিত করার পরও রোববার সন্ধ্যায় ভারতের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রধানমন্ত্রীর পলিসি ও স্ট্র্যাটেজিবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমানকে দিল্লিতে প্রবেশ নিয়ে বিতর্ক দেখা দিয়েছে। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানিয়েছে, প্রথমে তাকে আড়াই ঘণ্টা বসিয়ে রাখা হয়। পরে উচ্চ মহলের নির্দেশে অনুমতি দেওয়া হলেও, প্রধানমন্ত্রীর উপদেষ্টা দিল্লিতে প্রবেশ না করে কলম্বো হয়ে ঢাকার পথে রওয়ানা দেন। ঢাকা ও দিল্লির কূটনৈতিক সূত্র এই তথ্য জানিয়েছে। সূত্র জানিয়েছে, সোমবার থেকে দিল্লিতে অনুষ্ঠেয় ইন্ডিয়ান ওশান রিম

অ্যাসোসিয়েশনের (আইওআরএ) জ্যেষ্ঠ কর্মকর্তাদের দুইদিনের বৈঠকে অংশ নিতে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার এবং সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা রোববার সন্ধ্যায় দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। ওই বৈঠকে তাঁর বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়ার কথা ছিল। জানা গেছে, ওই বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা হিসেবে উপদেষ্টার অংশগ্রহণের বিষয়ে গত শুক্রবার দিল্লিতে বাংলাদেশ হাইকমিশন আনুষ্ঠানিকভাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানিয়েছিল। কিন্তু সন্ধ্যায় দিল্লি বিমানবন্দরে অবতরণের পর তাকে রহস্যজনক কারণে ভারতের ইমিগ্রেশন কর্তৃপক্ষ আড়াই ঘণ্টা বসিয়ে রাখে। তাকে দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়া হবে কি না, সে বিষয়টি স্পষ্ট করেনি। এমন পরিস্থিতিতে জাহেদ উর রহমান দেশে ফেরার সিদ্ধান্ত নেন। রাতেই তিনি দিল্লি থেকে কলম্বোর উদ্দেশ্যে রওয়ানা করেছেন। সোমবার দুপুরের আগেই তার দেশে ফেরার কথা রয়েছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এখনো পর্যন্ত এই বিষয়ে কিছু জানায়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রনি)

## ইরান-আমেরিকার শান্তি চুক্তি চূড়ান্ত, খুলবে হরমুজও

ইরান এবং আমেরিকা শান্তি চুক্তিতে রাজি হয়েছে। আগামী ১৯ জুন, শুক্রবার, সুইজারল্যান্ডের দুই দেশের মধ্যে এই চুক্তি সই হবে। রোববার গভীর রাতে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ একথা ঘোষণা করেন। নিজের এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, ”গভীর আলোচনার পর আমেরিকা এবং ইরানের শান্তি চুক্তি চূড়ান্ত হয়েছে।„ তিনি জানান, দুই পক্ষই লেবাননসহ সংশ্লিষ্ট সব এলাকায় সামরিক কার্যকলাপ বন্ধ করবে। এর কিছুক্ষণ পরেই আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ট্রুথ সামাজিক মাধ্যমে শান্তি চুক্তির কথা ঘোষণা করেন। তিনি সবাইকে অভিনন্দন জানিয়ে ট্রাম্প লেখেন, বিনা শুল্কে হরমুজ প্রণালি যাতায়াতের জন্য খুলে দেওয়া হবে। একইসঙ্গে তিনি জানান, মার্কিন নৌ সেনা ওই অঞ্চল থেকে তাদের অবরোধ সরিয়ে নেবে। অন্যদিকে, একটি বিবৃতিতে ইরানও এই চুক্তির কথা জানায়। ইরানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী কাজেম ঘরিবাবাদি জানান, এই চুক্তির ফলে ইরান এবং লেবাননে সামরিক আক্রমণ বন্ধ হবে। একইসঙ্গে হরমুজ প্রণালিও খুলে দেওয়া হবে। ইরানের টিভি চ্যানেলে তিনি বলেন, লেবাননসহ ওই অঞ্চলে অবিলম্বে এবং স্থায়ীভাবে এই যুদ্ধ বন্ধ হবে। জার্মানি, যুক্তরাজ্য, ফ্রান্স, ইটালিসহ অন্যোন্য দেশও এই চুক্তির ঘোষণাকে স্বাগত জানিয়েছে। জার্মান চ্যান্সেলর ফ্রিডরিশ ম্যার্ৎস বলেন, ইরান এবং আমেরিকার এই চুক্তি কূটনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ। হরমুজ প্রণালি খুলে যাওয়াও বিশ্বের অর্থনীতি ফের চাঙ্গা হওয়ার পথে এগোবে বলে মনে করেন তিনি। একটি যৌথ বিবৃতিতে যুক্তরাজ্যর প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার জানান, যুদ্ধ থামাতে এটি একটি সদর্থক পদক্ষেপ। হরমুজ প্রণালি খুলে দেওয়ায় বিশ্ব অর্থনীতিতে এর ভালো প্রভাব পড়বে বলেও জানান তিনি। তবে শুক্রবারের আগে হরমুজ প্রণালি খুলবে না বলে জানিয়েছেন ট্রাম্প। বিশ্ব বাজারে তেলের দাম কমার ইঙ্গিত পাওয়া গেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র-ইরানের মধ্যে শান্তিচুক্তি চূড়ান্ত হওয়াকে স্বাগত জানালো বাংলাদেশ

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তিচুক্তি চূড়ান্ত হওয়ার বিষয়টিকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ। আজ সোমবার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বিষয়ে বাংলাদেশ সরকারের অবস্থান জানানো হয়। মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান প্রথমে জানায়, যুক্তরাষ্ট্র ও ইরান অবশেষে একটি শান্তিচুক্তিতে সম্মত হয়েছে। পরে ওয়াশিংটন ও তেহরান বিষয়টি নিশ্চিত করে। ১৯ জুন সুইজারল্যান্ডে চুক্তিটি আনুষ্ঠানিকভাবে সই হওয়ার কথা। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শান্তিচুক্তি চূড়ান্ত হওয়াকে বাংলাদেশ আন্তরিকভাবে স্বাগত জানায়। এই ইতিবাচক অগ্রগতিতে অবদান রাখা সব পক্ষ ও মধ্যস্থতাকারীর প্রচেষ্টার প্রশংসা করে বাংলাদেশ। এছাড়া চুক্তিটি সদিচ্ছার সঙ্গে বাস্তবায়িত হবে এবং একইসঙ্গে তা টেকসই ও দীর্ঘস্থায়ী হবে বলেও আশা প্রকাশ করে বাংলাদেশ। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ বিশ্বাস করে, মধ্যপ্রাচ্যে শান্তি -স্থিতিশীলতা আঞ্চলিক ও বৈশ্বিক শান্তি, নিরাপত্তা, উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সর্বশেষ এই অগ্রগতির ওপর ভিত্তি করে বাকি বিষয়গুলো সংলাপ ও কূটনীতির মাধ্যমে সমাধান করতে সব পক্ষের প্রতি বাংলাদেশ আহ্বান জানিয়েছে। একইসঙ্গে আঞ্চলিক শান্তি-স্থিতিশীলতা, সরবরাহ শৃঙ্খল ও সহযোগিতা দ্রুত পুনঃস্থাপনের প্রত্যাশা করছে বাংলাদেশ।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রনি)

## ভারত : যুক্তরাষ্ট্রের হামলায় নাবিকদের মৃত্যুতে শোক, সরকারের কাছে পদক্ষেপ দাবি

ওমান-উপকূলে একটি জাহাজে যুক্তরাষ্ট্রের হামলায় নিহত এক নাবিকের স্ত্রী সুশীলা দেবী বাড়ির মেঝেতে বসে কাঁদতে কাঁদতে বলছিলেন, ”তিনি যদি তার বিপদের কথা আমাদের জানাতেন, আমি তাকে ফিরিয়ে আনতাম।„ সুশীলা মনে করেন, ”মানুষকে সেখানে যাওয়ার অনুমতি দেওয়া উচিত নয় সরকারের।„ উত্তর ভারতের দেওরিয়ার বাসিন্দা সুশীলা দেবির মতো যুক্তরাষ্ট্রের হামলায় আরো দু-জন ভারতীয় নাবিক প্রাণ হারিয়েছেন। গত শুক্রবার ভারত এ ঘটনার জন্য যুক্তরাষ্ট্রের কাছে দ্বিতীয়বারের মতো প্রতিবাদ জানায়। তবে সুশীলা দেবী মনে করেন, সরকারের উচিত, উপসাগরীয় অঞ্চলে আটকা পড়া নাবিকদের সুরক্ষায় আরো কার্যকর পদক্ষেপ নেওয়া। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, তারা দিল্লিতে যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত (চার্জ ডি অ্যাফেয়ার্স)-কে তলব করে বেসামরিক জাহাজে এমন হামলার ঘটনায়

`গভীর উদ্বেগ, প্রকাশ করে বলেছে, "এ ধরনের পদক্ষেপ অগ্রহণযোগ্য এবং তা এক কঠিন সময়ে ও সংবেদনশীল অঞ্চলে আন্তর্জাতিক সামুদ্রিক বাণিজ্যের নিরাপত্তা ও স্থিতিশীলতাকে ক্ষুণ্ন করে।„ তবে এ ঘটনায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি আরো জোরালো পদক্ষেপের দাবি উঠছে। সরকারি পরিসংখ্যান অনুযায়ী, বিশ্বের বৃহত্তম নাবিক সরবরাহকারী দেশ ফিলিপাইন্স। তারপরেই রয়েছে ভারত। অথচ ইরান-যুদ্ধের কারণে ভারতকে চড়া মূল্য দিতে হচ্ছে। তিনজন নাবিক নিহত হওয়ার পরের দিন, অর্থাৎ গত বৃহস্পতিবার আরেকটি জাহাজে হামলা চালানো হয়। সেই জাহাজে ছিলেন ২০ জন ভারতীয় নাবিক। তবে তাদের কারো প্রাণহানির বা আহত হওয়ার খবর পাওয়া যায়নি। নয়াদিল্লির কৌশলগত বিষয়ের বিশ্লেষক ব্রহ্মা চেলানি বলেন, "ভারত এ বিষয়ে কেবল প্রথাগত কূটনৈতিক প্রতিবাদ জানিয়েছে। মনে হচ্ছে, এতে হামলাগুলোর গুরুত্বকে খাটো করে দেখানোর চেষ্টা হয়েছে।„ বিরোধী দল আম আদমি পার্টি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি বিষয়টি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে উত্থাপনের আহ্বান জানিয়েছে। চলতি সপ্তাহে জি-সেভেন সম্মেলন চলার সময় ট্রাম্প এবং মোদীর মধ্যে বৈঠক হওয়ার কথা। ভারতের প্রধান বিরোধী দল কংগ্রেস বলেছে, সরকারের নীতির কারণেই "বহিরাগত শক্তিগুলো কোনো শাস্তির ভয় ছাড়া ভারতের স্বার্থের বিরুদ্ধে কাজ করার সাহস পাচ্ছে।„ দলটি মনে করে, "ভারতের কৌশলগত স্বায়ত্তশাসন এবং দীর্ঘমেয়াদি স্বার্থ অবশ্যই স্পষ্টতা ও দৃঢ়তার সঙ্গে রক্ষা করতে হবে।„(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রনি)

## বাংলেদেশের প্রধানমন্ত্রীর উপদেষ্টার দিল্লিতে প্রবেশে বাধা, ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে তলব

ঢাকায় ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার পবন বঢেকে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করা হয়েছে। প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমানের সঙ্গে গতকাল রোববার দিল্লির বিমানবন্দরে যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে, তা নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছে বাংলাদেশ। আজ সোমবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের একাধিক জ্যেষ্ঠ কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেন। এর আগে, দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেন, দিল্লির ঘটনাটি অনাকাঙ্ক্ষিত। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামও সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, দিল্লি বিমানবন্দরে প্রধানমন্ত্রীর উপদেষ্টার সঙ্গে যা হয়েছে, তা কোনোভাবেই প্রত্যাশিত নয়। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর খবরে বলা হয়, কূটনৈতিক চিঠি দিয়ে আগে জানানোর পরও গতকাল রোববার সন্ধ্যায় ভারতের ইমিগ্রেশন কর্তৃপক্ষ `রহস্যজনক কারণে, প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমানকে দিল্লিতে ঢুকতে বাধা দেয়। পরে উচ্চ মহলের নির্দেশে অনুমতি দেওয়া হলেও প্রধানমন্ত্রীর উপদেষ্টা দিল্লিতে না গিয়ে কলম্বো হয়ে আজ দুপুরে ঢাকায় ফেরেন। আজ থেকে দিল্লিতে ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ)-র জ্যেষ্ঠ কর্মকর্তাদের দুই দিনের বৈঠক শুরু হওয়ার কথা। সেখানে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা হিসেবে উপদেষ্টার অংশ নেওয়ার কথা ছিল। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রনি)

# জাগো নিউজ

## বাজেট `চিন্তাশীল, হলেও নীতিকাঠামো দুর্বল, পুরোনো পথে হাঁটা দুঃখজনক

২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের নীতিকাঠামোকে `চিন্তাশীল, আখ্যা দিলেও, এর ভিত্তি হিসেবে ব্যবহৃত আর্থিক ও সামষ্টিক অ র্থনৈতিক কাঠামোকে দুর্বল এবং অনেক ক্ষেত্রে `অপেশাদার, বলে মন্তব্য করেছেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ও নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায়ক ড. দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি বলেন, যে নীতিকাঠামো তৈরি হয়েছে বাজেটকে কেন্দ্র করে, সেটা মোটামুটিভাবে একটি চিন্তাশীল নীতিকাঠামো। কিন্তু এর পরেই সমস্যার সূত্রপাত। কারণ এই কাঠামোটি একটি অত্যন্ত দুর্বল , সম্ভবত অকার্যকর আর্থিক কাঠামোর ওপর স্থাপন করা হয়েছে। সোমবার (১৫ জুন) রাজধানীতে আয়োজিত `জাতীয় বাজেট ২০২৬-২৭ : অসুবিধাগ্রস্ত মানুষের জন্য কী আছে?, শীর্ষক মিডিয়া ব্রি ফিং-এ মূল প্রবন্ধ উপস্থাপনকালে তিনি এসব কথা বলেন। এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম এর আয়োজন করে। ব্রিফিং সঞ্চালনা করেন সিপিডির সম্মাননীয় ফেলো মোস্তাফিজুর রহমান। দেবপ্রিয় ভট্টাচার্যের মতে, মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোও দুর্বল। এর ফলে বাজেট এক দিকে আর্থিক কাঠামোগত দুর্বলতায় আক্রান্ত হয়েছে , অন্যদিকে প্রবৃদ্ধির যে মডেল সামনে আনা হয়েছে , তার যৌক্তিকতাও প্রশ্নবিদ্ধ। তিনি অভিযোগ করেন, বাজেট প্রণয়নে ব্যবহৃত তথ্য-উপাত্তের ক্ষেত্রে অপূর্ণতা, অমনোযোগ এবং অনেক ক্ষেত্রে `ছলচাতুরী, করা হয়েছে। তথ্য নিয়ে ছলচাতু রী করলে সেটা অত্যন্ত উদ্‌বেগজনক। আগের সরকারও প্রবৃদ্ধিকে বাড়িয়ে বলা , মূল্যস্ফীতিকে কম দেখানো এবং উন্নয়ন প্রকল্পের প্রকৃত প্রভাব মূল্যায়ন না করার মতো কাজ করেছে। বর্তমান সরকারও যদি সেই পথে হাঁটে, তাহলে তা হবে অত্যন্ত দুঃখজনক, বলেন তিনি। বাজেট বাস্তবায়নকে সব চেয়ে বড়ো চ্যালেঞ্জ উল্লেখ করে তিনি বলেন, বাজেট ঘোষণা করলেই দায়িত্ব শেষ হয়ে যায় না। বাজেট বাস্তবায়নে জনগণের পক্ষ থেকে ধারাবাহিক চাপ ও নজরদারি প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## সৎ ও পেশাদারদের সমন্বয়ে ইসলামী ব্যাংকের পূর্ণাঙ্গ বোর্ড গঠনের দাবি

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসিতে গ্রাহকদের আস্থা পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে সৎ, যোগ্য ও পেশাদার ব্যক্তিদের সমন্বয়ে অবিলম্বে একটি পূর্ণাঙ্গ পরিচালনা পর্ষদ গঠনের দাবি জানিয়েছে ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম। একই সঙ্গে ব্যাংক খাতের অর্থ আত্মসাৎকারীদের বিচারের জন্য বিশেষ ট্রাইব্যুনাল গঠন, বিদেশে পাচার হওয়া অর্থ পুনরুদ্ধার এবং বিতর্কিত সিদ্ধান্ত গ্রহণ থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে সংগঠনটি। সোমবার (১৫ জুন) রাজধানীর দিলকুশায় ইসলামী ব্যাংক টাওয়ার চত্বরে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব দাবি তুলে ধরেন সংগঠনের আহ্বায়ক অধ্যাপক নূরনবী মানিক। তিনি বলেন, গ্রাহকদের পক্ষ থেকে দীর্ঘদিন ধরে চেয়ারম্যান খুরশিদ আলমের পদত্যাগ, সাবেক ব্যবস্থাপনা পরিচালক ওমর ফারুক খানের পুনর্বহাল এবং ব্যাংকের প্রতি আস্থা ফিরিয়ে আনতে কার্যকর উদ্যোগ গ্রহণের দাবি জানানো হলেও তার প্রতিফলন দেখা যায়নি। বরং পরিচালনা পর্ষদ ভেঙে দিয়ে পুনরায় এক ব্যক্তির হাতে ক্ষমতা কেন্দ্রীভূত করায় গ্রাহকদের উদ্বেগ আরও বেড়েছে। অধ্যাপক নূরনবী মানিক বলেন, গত দুই সপ্তাহ ধরে গ্রাহকেরা ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন এবং অর্থ মন্ত্রণালয়ে স্মারকলিপি জমা দিয়েছেন। তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে আস্থা পুনরুদ্ধারে দৃশ্যমান কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ফলে গ্রাহকদের মধ্যে অনিশ্চয়তা আরও গভীর হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## ৩০ জুন নয়, ঢাকা-নারিতা-ঢাকা ফ্লাইট চালু ২৭ জুলাই

আগামী ৩০ জুন নয়, ঢাকা-নারিতা-ঢাকা ফ্লাইট ২৭ জুলাই ফের চালু হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম। সোমবার (১৫ জুন) সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ঢাকা-নারিতা-ঢাকা ফ্লাইট আবারও চালু নিয়ে সংবাদ সম্মেলনে মন্ত্রী এ কথা জানান। এ সময় বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতও উপস্থিত ছিলেন। অপারেশনাল ও বাণিজ্যিক চ্যালেঞ্জের কারণে ২০২৫ সালের ১ জুলাই থেকে ঢাকা-নারিতা সরাসরি ফ্লাইট সাময়িকভাবে স্থগিত করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। ওই সময় হজ ফ্লাইট পরিচালনার চাপ, উড়োজাহাজ সংকট এবং বাণিজ্যিক বাস্তবতাকে কারণ হিসেবে উল্লেখ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## রডে কর বৃদ্ধি ও গেইন ট্যাক্স প্রত্যাহারের দাবি রিহ্যাবের

২০২৬-২৭ অর্থবছরের বাজেটে জমি, ফ্ল্যাট ও ভবন ক্রয়-বিক্রয়ে বিনাপ্রশ্নে স্বপ্রণোদিত বিনিয়োগ প্রদর্শনের সুযোগ দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)। তবে নির্মাণসামগ্রীর ওপর অতিরিক্ত কর আরোপ এবং জমির মালিকদের প্রাপ্ত ফ্ল্যাটের ওপর নতুন গেইন ট্যাক্স আরোপের তীব্র বিরোধিতা করে তা প্রত্যাহারের দাবি জানিয়েছে সংগঠনটি। সোমবার (১৫ জুন) রাজধানীর সিরডাপ মিলনায়তনে `প্রস্তাবিত জাতীয় বাজেট ২০২৬-২৭ উপলক্ষ্যে রিহ্যাবের প্রতিক্রিয়া, শীর্ষক সংবাদ সম্মেলনে রিহ্যাব সভাপতি ড. আলী আফজাল এই দাবি জানান। ড. আলী আফজাল বলেন, অপ্রদর্শিত অর্থ অর্থনীতির মূলধারায় ফেরাতে সরকারের উদ্যোগ ইতিবাচক। এর ফলে আবাসন খাতে বিনিয়োগ বাড়বে, কর্মসংস্থান সৃষ্টি হবে এবং অর্থনীতিতে তারল্য প্রবাহ বৃদ্ধি পাবে। তিনি বলেন, বর্তমানে আবাসন খাত কঠিন সময় পার করছে। উচ্চ সুদহার, দীর্ঘমেয়াদি গৃহঋণের সীমাবদ্ধতা, বিক্রয় সংকট, ব্যাংকঋণের চাপ, নীতিগত অনিশ্চয়তা এবং বিনিয়োগকারীদের আস্থাহীনতা খাতটিকে চাপে ফেলেছে। রিহ্যাবের দাবি, দেশের আবাসন খাতের সঙ্গে প্রায় ২৬৯টি শিল্পখাত সম্পৃক্ত এবং নির্মাণখাত জিডিপিতে প্রায় ১৫ থেকে ১৬ শতাংশ অবদান রাখছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৫০ লাখ মানুষের কর্মসংস্থান এ খাতের ওপর নির্ভরশীল। সংগঠনটি জানায়, ফ্ল্যাট ও জমি নিবন্ধনে ১৩ শতাংশের বেশি ব্যয় হওয়ায় ক্রয়-বিক্রয় উল্লেখযোগ্যভাবে কমে গেছে। এ ব্যয় ৭ শতাংশে নামিয়ে আনার প্রস্তাব দিলেও তা বাজেটে প্রতিফলিত হয়নি। পাশাপাশি দীর্ঘদিনের দাবি অনুযায়ী `সেকেন্ডারি মার্কেট, সৃষ্টির বিষয়টিও বাজেটে স্থান পায়নি। ড. আলী আফজাল বলেন, জমির মালিকদের দেওয়া সাইনিং মানির ওপর বর্তমানে ১৫ শতাংশ কর রয়েছে। নতুন প্রস্তাব অনুযায়ী জমির মালিক ডেভেলপারের কাছ থেকে যে ফ্ল্যাট পাবেন, তার মূল্যেও ১৫ শতাংশ গেইন ট্যাক্স দিতে হবে। এতে আবাসন খাতে নতুন সংকট তৈরি হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## ভারতের অনুমোদন না মেলায় নেপাল থেকে অতিরিক্ত বিদ্যুৎ পাচ্ছে না বাংলাদেশ

নেপাল থেকে বাংলাদেশের অতিরিক্ত ২০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির অনুমোদন আটকে দিয়েছে ভারত। ফলে দীর্ঘ প্রতীক্ষার পর সোমবার (১৫ জুন) থেকে নেপাল থেকে মাত্র ৪০ মেগাওয়াট বিদ্যুৎ পাবে বাংলাদেশ। নেপাল ও ভারতের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, সঞ্চালন লাইনের সক্ষমতার ঘাটতি বা সীমাবদ্ধতার অজুহাতে ভারতের সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথোরিটি (সিইএ) এই অতিরিক্ত বিদ্যুৎ পরিবহণের অনুমোদন স্থগিত রেখেছে। এই অতিরিক্ত বিদ্যুৎ পেতে হলে নতুন করে ত্রিপক্ষীয় চুক্তি সংশোধন এবং নেপাল-ভারত জ্বালানি সচিব পর্যায়ের যৌথ স্টিয়ারিং কমিটির (জেএসসি) সিদ্ধান্তের মতো বেশ কিছু আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, বর্ষা মৌসুমে নেপাল তাদের উদ্বৃত্ত বিদ্যুৎ ভারত ও বাংলাদেশে রপ্তানি করে থাকে। তবে শীতকালে তারা নিজস্ব চাহিদা মেটাতে ভারত থেকে বিদ্যুৎ আমদানি করে। এর আগে, ২০১৫ সালের ২৭ নভেম্বর ঢাকায় অনুষ্ঠিত নেপাল-বাংলাদেশ যৌথ স্টিয়ারিং

কমিটির (জেএসসি) বৈঠকে বিদ্যমান ৪০ মেগাওয়াটের সঙ্গে আরও ২০ মেগাওয়াট বিদ্যুৎ যোগ করে মোট ৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছিল। সেই সিদ্ধান্ত অনুযায়ী নেপাল ইলেকট্রি সিটি অথোরিটি (এনইএ) ভারতের রাষ্ট্রীয় সংস্থা এনটিপিসি বিদ্যুৎ ব্যবসা নিগম লিমিটেডকে (এনভিভিএন) আনুষ্ঠানিক অনুরোধ জানায়। কিন্তু এনভিভিএন পরে জানায়, ভারত-বাংলাদেশ এক হাজার মেগাওয়াট সক্ষমতার বিদ্যমান সঞ্চালন লাইনে এই অতিরিক্ত ২০ মেগাওয়াট বিদ্যুৎ পরি বহণের সুযোগ বা খালি জায়গা নেই। এনইএ ,র বিদ্যুৎ বাণিজ্য বিভাগের পরিচালক তর্ক বাহাদুর থাপা বলেন, "এবার কেবল ৪০ মেগাওয়াট বিদ্যুৎই বাংলাদেশে যাবে। অতিরিক্ত ২০ মেগাওয়াটের জন্য আমরা ভারতের সিইএর কাছে প্রক্রিয়া শুরু করেছিলাম। কিন্তু তারা জানিয়েছে যে, সঞ্চালন লাইনে এই মুহূর্তে বাড়তি সক্ষমতা নেই।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## তামাকের বিরুদ্ধে আরও শক্ত আইন করা প্রয়োজন: স্বাস্থ্যমন্ত্রী

তামাক ব্যবহারের ক্ষতিকর দিক তুলে ধরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, তামাক একটি মারাত্মক আসক্তি এবং এটি মানুষের শরীরের এমন কোনো অঙ্গ নেই, যা আক্রান্ত করে না। প্রচলিত আইনের ফাঁক গলে অপরাধীরা পার পেয়ে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, তামাকের থাবা থেকে সমাজকে রক্ষা করতে আইন আরও শক্ত করা প্রয়োজন। সোমবার (১৫ জুন) সকালে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, যারা ধূমপান করেন, তারাই বড়ো সাক্ষী হতে পারেন যে, এটি কত খারাপ। তামাক মানুষের ঘুম নষ্ট করে, ক্ষুধা ও ওজন কমিয়ে দেয়। তামাক সেবনের ফলে গালে ও দাঁতে ক্যা নসার হয়। বর্তমান সমাজ তামাক থেকে এখন অন্যান্য মারাত্মক নেশার দিকে ধাবিত হচ্ছে। ই -সিগারেট বন্ধের বিষয়ে সরকারের সিদ্ধান্তের অগ্রগতি জানতে চাইলে তিনি সাংবাদিকদের বলেন, এ বিষয়ে আলোচনা চলছে, পরে বিস্তারিত দেখা যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## দুর্গম পাহাড়ে বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ বিতরণ করলো সেনাবাহিনী

দুর্গম পাহাড়ি এলা কায় বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষ ধ বিতরণ কার্যক্রম পরিচালনা করে বাংলাদেশ সেনাবাহিনীর রাঙামাটি রিজিওনের অধীন কাপ্তাই জোন। এর আওতায় ৭৩ জনকে সেবা দেওয়া হয়। গত শনিবার (১৩ জুন) রাজস্থলী উপজেলার রাইখালী ইউনিয়নের পানছড়ি পাড়ায় এই মেডিকেল ক্যাম্পেইন করা হয়। সেনাবাহিনীর একটি মেডিকেল টিমের মাধ্যমে আয়োজিত এ ক্যাম্পেইনে পানছড়ি, ধনুছড়ি, নারানগিরি উঁচু পাড়া, লম্বাছড়িসহ আশপাশের প্রত্যন্ত এলাকার ৭৩ জন পাহাড়ি রোগী বিভিন্ন ধরনের চিকিৎসা সেবা নেন। বিনামূ ল্যে প্রয়োজনীয় ঔষধও দেওয়া হয় তাদের। দুর্গম যোগাযোগ ব্যবস্থা ও স্বাস্থ্যসেবার সীমিত সুযোগ থাকা এই এলাকায় স্থানীয়দের মৌলিক চিকিৎসা চাহিদা পূরণে বাংলাদেশ সেনাবাহিনীর এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এলাকাটিতে কোনো স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক কিংবা ফার্মেসি সুবিধা না থাকায় সাধারণ মানুষকে ন্যূনতম চিকিৎসার জন্যও দূরবর্তী উপজেলা সদরে যেতে হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর সভাপতিত্বে যানজট নিরসনবিষয়ক তৃতীয় সভা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপ না আধুনিকায়ন বিষয়ক তৃতীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে (১৫ জুন) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে এ সভা হয়। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য নিশ্চিত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## বেনজীরের বিরুদ্ধে তিন গ্রেফতারি পরোয়ানা আছে: চিফ প্রসিকিউটর

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল থেকে পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধে তিনটি গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। সোমবার (১৫ জুন) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সেমিনার কক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান আমিনুল ইসলাম। চিফ প্রসিকিউটর বলেন, বেনজীর আহমেদ বর্তমানে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেফতার রয়েছেন। তাকে দেশে ফিরিয়ে আনা হলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হবে। তাকে ২০১৩ সালের ৫ মে শাপলা চত্বরে হেফাজতে ইসলামের নেতা-কর্মীদের বিরুদ্ধে পরিচালিত অভিযানে হত্যাকাণ্ড ও নির্যাতনের অভিযোগে তাকে রিমান্ডে নেওয়ার আবেদন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## ঢাকার সড়কে দ্রুত এআই ক্যামেরা স্থাপন সম্পন্নে নির্দেশ প্রধানমন্ত্রীর

যানজট নিরসনে ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়নে সড়কে দ্রুত এআই ক্যামেরা বসানোর কাজ শেষ করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১৫ জুন) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন কক্ষে বৈঠকে তি নি এ নি র্দেশ দেন বলে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন

সাংবাদিকদের জানিয়েছেন। বৈঠকের বরাতে অতিরিক্ত প্রেস সচিব জানান , ঢাকার যানজট নিরসন এবং ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে এটি প্রধানমন্ত্রীর তৃতীয় বৈঠক। ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়নে দ্রুত এআই ক্যামেরা বসানোর কাজ সম্পন্ন করতে প্রধানমন্ত্রী সংশ্লিষ্টদের বলেছেন। এছাড়া , রাজধানীর পুরোনো ও মেয়াদোত্তীর্ণ যানবাহনগুলো সরানোর বিষয়টিও বৈঠকে আলোচনায় এসেছে। প্রধানমন্ত্রী এ বিষয়েও প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন বলে জানান তিনি। পরীক্ষামূলকভাবে গত ৭ মে থেকে ঢাকার বিভিন্ন ট্রাফিক পয়েন্টে এআই প্রযুক্তি ব্যবহার শুরু করছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ। এআইভিত্তিক ক্যামেরাগুলোতে সড়ক পরিবহণ আইন -২০১৮ লঙ্ঘন শনাক্ত করার সফটওয়্যার সংযোজন করা হয়েছে। গত মাসের মাঝামাঝি সময়ে ঢাকার মোট ৩০টি গুরুত্বপূর্ণ ক্রসিংয়ে চালু থাকা সিগন্যাল লাইট পয়েন্টে এআই প্রযুক্তির পিটিজেড ক্যামেরা বসিয়ে কাজ করার কথা জানিয়েছে পুলিশ। সফটওয়্যারের দেওয়া নির্দেশনা অনুযায়ী, আইন লঙ্ঘন হলেই সেই গাড়ি শনাক্ত করছে ক্যামেরা। সে অনুযায়ী ডিজিটাল মামলা দেওয়া হচ্ছে গাড়ির মালিককে। ফলে , এসব সড়কে যান চলাচলে পর্যায়ক্রমে শৃঙ্খলা ফিরে আসছে এবং যানজট সমস্যাও কমছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## সরকারের তোষামোদ নয়, জনগণের সামনে সত্য তুলে ধরতে হবে: প্রধানমন্ত্রী

গণমাধ্যমকে সত্য ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার পথে এগিয়ে নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১৫ জুন) টেলিভিশন চ্যানেলগুলোর প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ও বার্তা সম্পাদকদের সঙ্গে এক বৈঠকে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন , দলীয় অবস্থান বা সরকারের তোষামোদ নয় , সত্যকে সত্য হিসেবেই জনগণের সামনে তুলে ধরতে হবে। একইসঙ্গে দেশে ইতি বাচক পরিবর্তন আনতে গণমাধ্যমের সহযোগিতাও কামনা করেছেন প্রধানমন্ত্রী। বৈঠকে দেশের টেলিভিশন শিল্পের বর্তমান সংকট , সাংবাদিকদের পেশাগত চ্যালেঞ্জ , চাকরির নিরাপত্তা ও গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে সাংবাদিক নেতারা জানান , আলোচনার পরিবেশ ছিল অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ও ফলপ্রসূ। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

## আমি মন্ত্রীর পেছনে টাকা নিয়ে ঘুরিনি: আদ-দ্বীনের মহিউদ্দিন

লাইসেন্স বাঁচাতে রাজধানীর আদ -দ্বীন হাসপাতাল কর্তৃপক্ষ কোটি কোটি টাকা নিয়ে ঘুরেছে বলে স্বাস্থ্যমন্ত্রী যে দাবি করেছিলেন, তা অস্বীকার করেছেন আদ-দ্বীন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ডা. শেখ মহিউদ্দিন। সোমবার (১৫ জুন) বিকেলে আদ -দ্বীন হাসপাতালে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা অস্বীকার করেন। স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন শনিবার (১৩ জুন) নরসিংদীর মনোহরদীতে এক অনুষ্ঠানে বলেন , "সরকারি সুবিধা পেতে এখন আর কাউকে ঘুস দিতে হয় না। আমাদের প্রধানমন্ত্রীর কড়া নির্দেশ , সবাইকে দুর্নীতির ঊর্ধ্বে থাকতে হবে। আদ -দ্বীন হাসপাতাল কোটি কোটি টাকা নিয়ে ঘুরেছে , কিন্তু লাইসেন্স বাতিল করে দিয়েছি। অন্যদিকে জামায়াতের নেতারা আজ আদ -দ্বীনের পক্ষে কথা বলেন। „ এই প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শেখ মহিউদ্দিন বলেন, "আমি কেন মন্ত্রীর পেছনে ঘুরবো ? যদি মন্ত্রী এ বিষয়ে কিছু বলে থাকেন , তাকেই সেটি প্রমাণ দিতে হবে। আমি টাকা নিয়ে ঘুরিনি। „ তিনি আরও জানান , হাসপাতালের নিবন্ধন বাতিলের বিষয়ে মঙ্গলবার (১৬ জুন) আপিল করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংক ছুটছে, ক্রেতা সংকটে ধুঁকছে বেক্সিমকো

ফ্লোর প্রাইস প্রত্যাহারের পর দুই কার্যদিবস ক্রেতা সংকটে পড়লেও , এর পর বিক্রেতা সংকট দেখা দিয়েছে ইসলামী ব্যাংকের শেয়ারের। ফলে প্রতিদিন দাম বাড়ার সর্বোচ্চ সীমা স্পর্শ করছে কোম্পানিটির শেয়ার। বিপরীতে বেক্সিমকোর শেয়ারের ক্রেতা সংকট অব্যাহত রয়েছে। এতে প্রতিদিন সর্বনিম্ন দামে কোম্পানিটির শেয়ার বিক্রির চেষ্টা করেও ব্যর্থ হচ্ছেন বিনিয়োগকারীরা। নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে র (বিএসইসি) নির্দেশে গত মঙ্গলবার (৯ জুন) কোম্পানি দুটির শেয়ারের ওপর আরোপিত ফ্লোর প্রাইস তুলে নেওয়া হয়। এর পর পরই বাজারে কোম্পানি দুটির শেয়ার বিক্রির চাপ ব্যাপকভাবে বেড়ে যায়। গত সপ্তাহের মঙ্গল ও বুধবার পুরো সময়জুড়ে কোম্পানি দুটির ক্রেতা সংকট থাকে। ফলে দু ইদিনই দিনের সর্বনিম্ন দামে লেনদেন হয় কোম্পানি দুটির শেয়ার। তবে বৃহস্পতিবার (১১ মে) লেনদেন শুরুর অল্প সময়ের মধ্যেই দিনের সর্বোচ্চ দামে ইসলামী ব্যাংকের শেয়ারের বিপুল ক্রয় আদেশ আসে। বিপরীতে শূন্য হয়ে পড়ে বিক্রয় আদেশের ঘর। গত সপ্তাহের মঙ্গল ও বুধবার পুরো সময়জুড়ে কোম্পানি দুটির ক্রেতা সংকট থাকে। ফলে দু ইদিনই দিনের সর্বনিম্ন দামে লেনদেন হয় কোম্পানি দুটির শেয়ার। তবে বৃহস্পতিবার (১১ মে) লেনদেন শুরুর অল্প সময়ের মধ্যেই দিনের সর্বোচ্চ দামে ইসলামী ব্যাংকের শেয়ারের বিপুল ক্রয় আদেশ আসে। বিপরীতে শূন্য হয়ে পড়ে বিক্রয় আদেশের ঘর। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## বাজেটে মোট ঘাটতি দুই লাখ কোটি টাকা, কমছে সরকারি ব্যয়

জাতীয় সংসদে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ও সম্পূরক বাজেট পেশ করা হয়েছে। দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি পুনর্গঠন, মূল্যস্ফীতিজনিত চাপ মোকাবিলা এবং অপচয় রোধকে অগ্রা ধিকার দিয়ে এ বাজেট পেশ করেন

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। বাজেটে মোট ঘাটতি দুই লাখ কোটি টাকা , পাশাপাশি সরকারি ব্যয় কমেছে দুই হাজার কোটি টাকা। সোমবার (১৫ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সপ্তম দিনে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ও সম্পূরক বাজেট উত্থাপন করেন অর্থমন্ত্রী। অর্থমন্ত্রী জানান, চলতি অর্থবছরের মূল বাজেটে সরকারের নিট ব্যয় প্রাক্কলন করা হয়েছিল ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা। তবে নির্বাচন পূর্ববর্তী সময়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বা এডিপি বাস্তবায়নের গতি কিছুটা মন্থর হওয়ায় সংশোধিত বাজেটে সরকারি ব্য য় দুই হাজার কোটি টাকা কমিয়ে ৭ লাখ ৮৮ হাজার কোটি টাকা নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। একইসঙ্গে সংশোধিত বাজেটে মোট ঘাটতি প্রস্তাব করা হয়েছে দুই লাখ কোটি টাকা, যা দেশের মোট জিডিপির ৩ দশমিক ৩ শতাংশ। তিনি জানান, সৃষ্ট বৈশ্বিক অস্থিরতা ও দেশের অভ্যন্তরীণ অর্থনৈ তিক কাঠামোর দুর্বলতা দূর করে অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা বর্তমান সরকারের প্রশাসনের অন্যতম প্রধান অগ্রাধিকার। সরকারি ব্যয়ের প্রতিটি ক্ষেত্রে অপচয় কমানো , অগ্রাধিকারহীন ব্যয় সংকোচন এবং প্রশাসনিক ক্ষেত্রে মিতব্যয়িতা নিশ্চিত করার চেষ্টা চলছে। অর্থমন্ত্রী আরও জা নান, বৈশ্বিক পরিস্থিতির কারণে বিদ্যুৎ ও জ্বালানি খাতে ভর্তুকি সমন্বয় করতে হলেও ফ্যামিলি কার্ড , কৃষক কার্ড এবং ইমাম , পুরোহিত ও মুয়াজ্জিনদের সম্মানী দেওয়ার মাধ্যমে দেশের সামাজিক সুরক্ষা কার্যক্রমকে আরও মর্যাদাপূর্ণ ও সম্প্রসারিত করা হয়েছে। এ কার্যক্রমগুলোর প্র য়োজনেই সম্পূরক বাজেটে ব্যয় ও ঘাটতির কিছুটা সমন্বয় করা হয়েছে। অর্থমন্ত্রীর বক্তব্যের পর স্পিকার সংসদের কার্যসূচি অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত দায়যুক্ত ব্যয় ব্যতীত অন্যান্য ব্যয় সম্পর্কিত মঞ্জুরি দাবির ওপর ভোটগ্রহণের প্রক্রিয়া শুরু করেন। সংবিধানের ৮৯ অনুচ্ছেদ অনুযায়ী, দায়যুক্ত ব্যয় সংসদে আলোচিত হলেও , তা ভোটের আওতাভুক্ত নয় বলে জানান স্পিকার। স্পিকার বলেন , এবারের সম্পূরক বাজেটে মোট ২৫টি মঞ্জুরি দাবি রয়েছে এবং এসব দাবির বিপরীতে রুমিন ফারহানা ও শাহজাহান চৌধুরীসহ বিরোধী দলের ২০ জন সংসদ সদস্য মোট ৩০৪টি ছাঁটাই প্রস্তাবের নোটিশ দিয়েছেন। অনুপস্থিত সদস্যদের পক্ষে কোনো ছাঁটাই প্রস্তাব উত্থাপনের সুযোগ নেই জানিয়ে স্পিকার সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করতে সবার সহযোগিতা কামনা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## সামষ্টিক অর্থনৈতিক চাপের মধ্যে কী করে বাজেট বাস্তবায়ন হবে

বাংলাদেশে ঘাটতি বাজেটের একটি সংস্কৃতি আছে এবং এই ঘাটতি পূরণ হয় অনেক বেশি হারে সুদে দেশি -বিদেশি ব্যাংক থেকে ঋণের মাধ্যমে। সেটি পরিশোধের চাপ থাকে। সামষ্টিক অর্থনৈতিক চাপের মধ্যে কী করে এই বাজেট বাস্তবায়ন করবেন বলে প্রশ্ন তুলেছেন স্বতন্ত্র সংসদ সদস্যি রুমিন ফারহানা। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদ অধিবেশনে ২০২৫-২৬ অর্থবছরের সম্পূরক বাজেটে, সম্পূরক মঞ্জুরি দাবির ওপর ছাঁটাই প্রস্তাবে দেওয়া বক্তব্যে রুমিন ফারহানা এ প্রশ্ন তোলেন। স্পিকার হাফিজউদ্দিন আহমদ অধিবেশনে সভাপতিত্ব করেন। স্বতন্ত্র সংসদ সদস্যছ রুমিন ফারহানা বলেন, পরিসংখ্যান দিয়ে শুরু করি। বাংলাদেশের জিডিপির আকার ৬৮ লাখ কোটি টাকা। জিডিপির প্রবৃদ্ধি মাত্র ৩ দশমিক ৪৯ শতাংশ। মূল্যস্ফীতি ৯ দশমিক ৫ শতাংশ। খেলাপি ঋণ মোট বিতরণকৃত ঋণের ৩৫ দশমিক ৭৩ শতাংশ, যেটা টাকার পরিমাণে এসে দাঁড়ায় ৬ লাখ ৪৪ হাজার কোটি টাকা। সা মগ্রিক ব্যাংকিং খাতে মূলধনের পর্যাপ্ততা ঋণাত্মক এগিয়ে দাঁড়িয়েছে, সেটি এখন ঋণাত্মক ২ দশমিক ৬৪ শতাংশ। বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি কমতে কমতে ২২ শতাংশ থেকে নেমে দাঁড়িয়েছে ৫ শতাংশে। বাণিজ্য ঘাটতি বেড়ে দাঁড়িয়েছে ২২ দশমিক ২১ বিলিয়ন ডলার, যেটি ইন্ডিকেট করে রপ্তা নির হ্রাস এবং আমদানির বৃদ্ধিকে , আগে যেটা ছিল ২২ শতাংশ। রুমিন ফারহানা বলেন, শ্বেতপত্র বলছে বাংলাদেশ থেকে গত ১৫ বছরে পাচার হয়েছে ২৩৪ বিলিয়ন ডলার। অর্থাৎ বছরে প্রায় ১৪ থেকে ১৬ বিলিয়ন ডলার পাচার হয়েছে। অন্যদিকে গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি বলছে ওভার এবং আন্ডার ইনভয়েসিংয়ের মাধ্যমে বছরে ৮ বিলিয়ন ডলার দেশ থেকে বাইরে গেছে। বাংলাদেশের ব্যাংককে রাজনৈতিক হাতিয়ার হিসেবে গত ১৫ বছরে ব্যবহার করা হয়েছে। যাদের দৃশ্যমান কোনো ব্যবসা নাই , তাদের ঋণ দেওয়া হয়েছে। পরিবারের হাতে ব্যাংকগুলোকে একটির পর একটি তুলে দেওয়া হয়ে ছে। `রাজনৈতিক সিদ্ধান্তে সুদের হার ও ডলারের দাম ঠিক করা হয়েছে। ডলারের ওপর চাপ কমাতে দাম ধরে রাখা হয়েছে, অন্যদিকে ১৮ থেকে ২০ বিলিয়ন ডলার এই খাত থেকে বিদেশে চলে গেছে। শেয়ারবাজার এবং কর ব্যবস্থাপনা উন্নত না হলে পুরো চাপ গিয়ে পড়বে ব্যাংক খাতের ওপর। আমরা জানি, বাংলাদেশে ঘাটতি বাজেট দেওয়ার একটি সংস্কৃতি আছে এবং এ ঘাটতি পূরণ হয় দেশের ব্যাংকগুলো থেকে ঋণ নিয়ে কিংবা বিদেশি ব্যাংক থেকে ঋণ বা অনুদানের মাধ্যমে। , রুমিন ফারহানা বলেন, ব্যাংক খাত যেখানে অলরেডি খেলাপি ঋণ বা মন্দ ঋণ মোট বিতরণকৃত ঋণের ৩৫ শতাংশে গিয়ে পৌঁছে ছে, সেখানে এই ব্যাংকগুলো আর ব্যক্তি খাতে বিনিয়োগের জন্য কোনো ঋণ দেওয়ার অবস্থায় আছে কি না , সেটা একটি বড়ো প্রশ্ন। আইএমএফ সম্প্রতি জানিয়েছে যে, বাংলাদেশে যে ঋণের চুক্তি হয়েছিল, তার পরবর্তী কিস্তিগুলো নতুন সরকারকে আর দেবে না, তারা নতুন করে চুক্তি করতে বলছে । সুতরাং এখন ঋণের দিকে আমাদের তাকাতে হবে চীন বা এরকম কোনো দেশের দিকে। আমরা যখন কোনো ভিন্ন দেশ থেকে ঋণ নিই , এডিবি, ওয়ার্ল্ড ব্যাংক বা আইএমএফের বাইরে

গিয়ে, তখন দেখা যায়, সেখানে সুদের হার অনেক বেশি থাকে এবং দ্রুত সময়ের মধ্যে সেটি পরিশোধেরও একটা চাপ থাকে। সো এই সামষ্টিক অর্থনৈতিক চাপের মধ্যে অর্থমন্ত্রী কী করে এই বাজেট বাস্তবায়ন করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## মহাখালী থেকে বাস ডিপো যাচ্ছে পূর্বাচলে

রাজধানীর যানজট নিরসনে স্বল্প , মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়েছে সরকার। এর অংশ হিসেবে মহাখালী বাস টার্মিনালের বাসগুলোর ডিপো অস্থায়ীভাবে পূর্বাচলে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। সোমবার (১৫ জুন) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন নিয়ে তৃতীয় সভা শেষে এসব তথ্য জানান যোগাযোগ বিশেষজ্ঞ ড . মো. হাদিউজ্জামান এবং ঢাকার দুই সিটি করপোরেশনের প্রশাসকরা। ড . মো. হাদিউজ্জামান বলেন, যানজট নিরসনে হকারদের বিকল্প কর্মসংস্থান এবং ফুটপাত জনসাধারণের চলাচলের উপযোগী করার বিষয়েও আলোচনা হয়েছে। তিনি বলেন , বাস র্যা পিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পে দীর্ঘদিন ধরে ব্যাপক বিনিয়োগ হয়েছে এবং জনগণকে দুর্ভোগ পোহাতে হয়েছে। এখন এটি পরিত্যক্ত ঘোষণা করা হলে সেটি নেতিবাচক উদাহরণ হবে। তাই প্রকল্পটি কীভাবে উন্নত করে পাবলিক ট্রান্সপোর্ট করিডোর হিসেবে ব্যবহার করা যায় এবং জনগণের সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করা যায়, সে বিষয়ে প্রধানমন্ত্রী বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## সড়ক-মহাসড়কে হতাহত কমাতে কাজ করছে সরকার

সড়ক-মহাসড়কে দুর্ঘটনা ও হতাহতের সংখ্যা হ্রাস করার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদের অধিবেশনে সংসদ সদস্য মো. আবুল কালামের এক প্রশ্নের লিখিত উত্তরে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী এ কথা জানান। এ সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম অধিবেশনে সভাপতিত্ব করেন। সোমবারের প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়। রবিউল আলম বলেন, সড়ক-মহাসড়কে দুর্ঘটনা ও হতাহতের সংখ্যা হ্রাস করার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। সড়ক পরিবহ ণ আইন, ২০১৮-এর ধারা ৪৪-এর উপধারা (১) এবং সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২-এর বিধি ১২৫-এর উপবিধি (৪)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সড়ক পরিবহ ণ কর্তৃপক্ষের (বিআরটিএ) মাধ্যমে গত ৭ মে ২০২৪ মৌটরযান গতিসীমা নির্দেশিকা, ২০২৪' জারি করা হয়। এর মাধ্যমে সড়ক ও মহাসড়কে মোটরযানের সর্বোচ্চ গতিসীমা নির্ধারণ, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। তিনি বলেন, সড়ক-মহাসড়কে গতিসীমা মনিটরিংয়ের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে। এর মধ্যে রয়েছে স্পিড লিমি ট ও ট্রাফিক সাইন স্থাপন এবং রক্ষণাবেক্ষণ। এ ছাড়া ট্রাফিক ক্যালমিং ব্যবস্থা হিসেবে রাম্বল স্ট্রিপ , স্পিড কন্ট্রোল জোন, সার্ভিস লেন, মিডিয়ান ও চ্যানেলাইজেশন বাস্তবায়ন করা হচ্ছে। মন্ত্রী আরও বলেন , মহাসড়কে আইটিএস প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গতিসীমা লঙ্ঘনকারী যানবাহন শনাক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। একইসঙ্গে বিআরটিএ , পুলিশ ও স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে গতিসীমা বাস্তবায়ন করা হচ্ছে। সড়কের ধরন ও এলাকা বিবেচনায় উপযুক্ত গতিসীমা নির্ধারণে সুপারিশ দেওয়া হচ্ছে। পাশাপাশি রোড সেফটি অডিট ও ট্রাফিক ম নিটরিং পরিচালনার মাধ্যমে ব্ল্যাক স্পট শনাক্ত করা, অতিরিক্ত গতির কারণে ঝুঁকিপূর্ণ স্থান বিশ্লেষণ এবং প্রয়োজন অনুযায়ী গতিনিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## পেছনে তাকানোর সুযোগ নেই, ইসলামী ব্যাংকের প্রতি আস্থা রাখুন: প্রশাসক

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির আমানতকারী ও গ্রাহকদের ব্যাংকের প্রতি আস্থা রাখার আহ্বান জানিয়েছেন ব্যাংকের বোর্ডের দায়িত্বপ্রাপ্ত প্রশাসক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোহাম্মদ জহির হোসেন। তিনি বলেন, `এখন পেছনে তাকানোর সুযোগ নেই। নির্বিঘ্নে লেনদেন চালিয়ে যান এবং ব্যাংকের প্রতি আস্থা রাখুন।, সোমবার (১৫ জুন) রাজধানীর ইসলামী ব্যাংকের প্রধান কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। এ সময় ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. আলতাফ হুসাইনসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মোহাম্মদ জহির হোসেন বলেন, ব্যাংকের কার্যক্রম স্বাভাবিক রাখতে তিনি আপাতত এক সদস্যবিশিষ্ট বোর্ডের দায়িত্ব পালন করছেন। তবে খুব শিগ্গির যোগ্য, দক্ষ ও সম্পূর্ণ নিরপেক্ষ ব্যক্তিদের নিয়ে পাঁচ সদস্যের একটি পূর্ণাঙ্গ পরিচালনা পর্ষদ গঠন করা হবে। তিনি বলেন , `পূর্ণাঙ্গ বোর্ড গঠনের জন্য যাচাই -বাছাই চলছে। আমরা এমন ব্যক্তিদের দায়িত্ব দিতে চাই, যারা দক্ষতার সঙ্গে ব্যাংক পরিচালনা করতে পারবেন। আশা করছি , অল্প সময়ের মধ্যেই একটি সুন্দর ও নিরপেক্ষ বোর্ড গঠন করা সম্ভব হবে।, (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## নদী খননের মাটিতে চাপা আশ্রয়ণ প্রকল্পের ঘর

নদী খননের মাটিতে চাপা পড়েছে খুলনার ডুমুরিয়ার তিনটি আশ্রয়ণ প্রকল্পের অসংখ্য ঘর। নদী খনন করতে গিয়ে অপরিকল্পিতভাবে মাটি ফেলার কারণে ঘরগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। বেশকিছু টিউবওয়েল ও টয়লেটও নষ্ট হয়েছে। এ

ঘটনায় ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে স্থানীয় প্রশাসন ও যশোর পানি উন্নয়ন বোর্ড। খোঁজ নিয়ে জানা যায় , ডুমুরিয়া উপজেলার চুকনগর, কাঁঠালতলা এবং খর্নিয়া এলাকার সরকারি আশ্রয়ণ প্রকল্প লাগোয়া ভদ্রা নদী খননের কাজ করছে যশোর পানি উন্নয়ন বোর্ড। নদী থেকে তোলা পলিমাটির প্রচণ্ড চাপে আশ্রয়ণ প্রকল্পের ঘরে র পেছনের দেওয়াল ও জানালা ভেঙে ভেতরে কাদা ঢুকে গেছে। মাটির ভারে অনেক ঘরের দেওয়াল ও মেঝেতে ফাটল ধরেছে। এই নদী খনন কর্মসূচিতে কাঁঠালতলা আশ্রয়ণ প্রকল্পের মানুষদের খাবার পানির জন্য তিনটি টিউবওয়েলের মধ্যে দুটিই এরই মধ্যে নষ্ট হয়েছে। বেশিরভাগ ঘরের মানুষদের টয়লেট ভেঙে দেওয়া হয়েছে খননের সময়ই। খর্নিয়া ও কাঁঠালতলা এলাকার বেশ কয়েকটি পরিবারের আসবাবপত্র নষ্ট হয়েছে। খর্নিয়া এলাকার স্থানীয় বাসিন্দা সবুর মোল্যা বলেন, `নদী কাটার সময় মেশিন দিয়ে ঘরের কাছের গোড়া পর্যন্ত গর্ত করা হয়েছে। এখন একটু বৃষ্টি হলেই ঘরগুলো নদীতে ধসে পড়বে। গরিব মানুষগুলো একদম পথে বসে যাবে। তিনটি পানি খাওয়ার টিউবয়েল ছিল। তার মধ্যে নষ্ট হয়ে গিয়েছে দুইটি।, বাসিন্দা রওশন আরা বেগম বলেন , `আমাগের থাকার কোনো জায়গা নাই। আমাগের একটু জায়গা জমি থাকলে সরকারি ঘরে থাকতাম না। মাটি পইড়া দেয়াল মেয়াল ভাইংগা গেছে। বাচ্চা কাচ্চা নিয়া যামু কই? একেবারে পথে নাইমা গেছি।, (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## তরুণদের প্রচেষ্টায় গড়ে উঠবে আগামীর বাংলাদেশ: রেল প্রতিমন্ত্রী

দেশের তরুণদের ঐকান্তিক প্রচেষ্টা ও অংশগ্রহণে আগামীর সুন্দর বাংলাদেশ গড়ে উঠবে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ। সোমবার (১৫ জুন) রাজধানীর মুগদা মেডিকেল কলেজের সপ্তাহব্যাপী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন , তরুণরাই দেশের ভবিষ্যৎ। তাদের অক্লান্ত শ্রম , মেধা ও ঐকান্তিক প্রচেষ্টা দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। দল-মত নির্বিশেষে সবার অংশগ্রহণে আগামীর বাংলাদেশ হবে উন্নত, সমৃদ্ধ ও সুন্দর বংলাদেশ। এসময় তিনি উন্নয়ন কর্মকাণ্ডে পুরুষের পাশাপাশি নারীর অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরেন। তিনি প্রতিষ্ঠানটির শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। পরে তিনি প্রতিযোগিতার বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## তিন অভিযানে গ্রেফতার ৬, অপহৃতসহ ২৫ লাখ টাকা ও সোনা উদ্ধার

ঢাকা ও ঢাকার বাইরে পৃথক তিনটি অভিযানে অপহৃত এক ব্যক্তিকে উদ্ধার , মুক্তিপণের ২৫ লাখ টাকা, আত্মসাৎকৃত ২৩ লাখ ৬০ হাজার টাকা মূল্যের স্বর্ণালংকার ও ইলেকট্রনিক্স সামগ্রী এবং ইয়াবা উদ্ধারসহ ছয়জনকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের মধ্যে আব্দুল আলিম বাবু (৩০), মো. সজিব মিয়া (২৯), মো. ময়নুদ্দিন (৪০), মো. মহিউদ্দিন (৩৬) ও মো. জামালকে ঢাকায় এবং নুর হোসাইন সোহাগকে লক্ষ্মীপুর থেকে গ্রেফতার করা হয়েছে। সোমবার (১৫ জুন) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) উত্তরা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মির্জা তারেক আহমেদ বেগ এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান। তিনি বলেন , গোপন সংবাদের ভিত্তিতে উত্তরা পশ্চিম থানার একটি টিম গতকাল রোববার রাত সাড়ে ১০টার দিকে দক্ষিণখান থানা এলাকায় অভিযান পরিচালনা করে আব্দুল আলিম বাবু , সজিব মিয়া, ময়নুদ্দিন ও মহিউদ্দিনকে গ্রেফতার করে। এসময় তাদের কাছে থাকা অপহৃত ভুক্তভোগী আজিবুর রহমান (৫০) ও অপহরণকারীদের কাছ থেকে মুক্তিপণের নগদ ২৫ লাখ টাকা উদ্ধার করা হয়। এ ঘটনায় উত্তরা পশ্চিম থানায় একটি মামলা রুজু করা হয়েছে। এছাড়া , গত শনিবার (১৩ জুন) রিপন চৌধুরী নামে একজন ভুক্তভোগী বাদী হয়ে উত্তরা পশ্চিম থানায় প্রতারণা ও অর্থ আত্মসাৎ মামলা দায়ের করেন। পরবর্তীতে তার অভিযোগের পরিপ্রেক্ষিতে উত্তরা পশ্চিম থানার একটি টিম তথ্যপ্রযুক্তি ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযুক্ত ব্যক্তির অবস্থান শনাক্ত করে। এরই ধারাবাহিকতায় পরদিন রোববার দুপুরে লক্ষ্মীপুর সদর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে অভিযুক্ত নুর হোসাইন সোহাগকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ রিহাব)

## মশাবাহিত রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি পুনর্গঠন

ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটির পুনর্গঠন করেছে সরকার। ৩১ সদস্যের পুনর্গঠিত কমিটিতে সভাপতি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী। সোমবার (১৫ জুন) এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে পরিপত্র জারি করা হয়েছে। স্থানীয় সরকার প্রতিমন্ত্রী, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন করে প্রতিনিধিকে কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে। এছাড়া স্বরাষ্ট্র, প্রাথমিক ও গণশিক্ষা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন , গৃহায়ন ও গণপূর্ত, প্রতিরক্ষা, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন, রেলপথ, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, তথ্য ও সম্প্রচার এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং স্বা স্থ্য সেবা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিবদের কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে। এর বাইরে সকল ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক , স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, এনজিও

বিষয়ক ব্যুরোর মহাপরিচালক, সকল সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এন্টামলজি বিভাগের চেয়ারম্যান, জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠানের (নিপসম) এন্টামলজি বিভাগের প্রধানকে কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের সচিব কমিটিতে সদস্যসচিবের দায়িত্ব পালন করবেন। কমিটিকে সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত ও বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনা, মূল্যায়ন, তদারকি ও সমন্বয় সাধন করতে বলা হয়েছে। এছাড়া কমিটিকে প্রয়োজনীয় গবেষণা পরিচালনা, জাতীয় নীতিমালা বা কৌশলপত্র প্রণয়ন ও হালনাগাদ করা ছাড়াও প্রয়োজন অনুযায়ী অন্যান্য কার্যক্রম করতে হবে। বছরে কমপক্ষে চারটি সভা করতে হবে। কমিটি প্রয়োজনে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রুবাইয়া)

## বিয়ের নিবন্ধনে ডিজিটাল জন্মসনদ বাধ্যতামূলক করা হবে: প্রতিমন্ত্রী

বাল্যবিয়ে প্রতিরোধে বিয়ের নিবন্ধনের ক্ষেত্রে ম্যানুয়াল বা কাগজের জন্মসনদের পরিবর্তে অনলাইন বা ডিজিটাল জন্মনিবন্ধন রেকর্ড ব্যবহার বাধ্যতামূলক করতে সরকার 'বাল্যবিয়ে নিরোধ আইন, ২০১৭, সংশোধনের উদ্যোগ নিয়েছে। সোমবার (১৫ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সপ্তম বৈঠকে কুমিল্লা -৪ আসনের সংসদ সদস্য আবুল হাসনাতের এক প্রশ্নের লিখিত জবাবে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী আবু জাফর মোহাম্মদ জাহিদ হোসেন এ তথ্য জানান। তিনি উল্লেখ করেন, ইউনিসেফ এবং ইউএনএফপিএ -এর কারিগরি সহায়তায় বর্তমানে এই নতুন আইনের খসড়া তৈরির কাজ চলছে। প্রতিমন্ত্রী জানান, প্রস্তাবিত এ সংশোধনীর মাধ্যমে বিদ্যমান আইনের 'বিশেষ পরিস্থিতির, সুযোগ নিয়ে বাল্যবিয়ে দেওয়ার আইনি ফাঁকফোকরগুলো বন্ধ করা হবে। এ সংশোধনীর মূল বৈশিষ্ট্য হবে বিয়ের নিবন্ধনের জন্য সনাতন পদ্ধতির কাগজের সনদের বদলে বাধ্যতামূলকভাবে অনলাইন বা ডিজিটাল জন্মনিবন্ধন রেকর্ড ব্যবহার করা। মূলত জালিয়াতির মাধ্যমে জন্ম সনদ তৈরি করে অপ্রাপ্তবয়স্ক বর-কনের আসল বয়স লুকানোর প্রবণতা বন্ধ করতেই সরকার এ পদক্ষেপ নিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

## সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের দেওয়া হয়েছে২১৩ কোটি টাকা

গত তিন বছরের বেশি সময়ে দেশের সড়ক দুর্ঘটনায় হতাহত ও তাদের পরিবারকে মোট ২১৩ কোটি ৫৬ লাখ টাকা আর্থিক সহায়তা দিয়েছে সরকার। ২০২৩ সাল থেকে শুরু করে চলতি বছরের মে মাস পর্যন্ত সময়ে মোট ৫ হাজার ৮৪ জন সড়ক দুর্ঘটনার শিকার ব্যক্তি ও নিহতদের পরিবারকে এ অনুদান দেওয়া হয়েছে। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদের ত্রয়োদশ অধিবেশনের দ্বিতীয় সেশনের সপ্তম কার্যদিবসে এক সম্পূরক প্রশ্নের জবাবে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী শেখ রবিউল আলম এ তথ্য জানান। সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নিপুণ রায় চৌধুরীর প্রশ্নের জবাবে মন্ত্রী এ লিখিত বক্তব্য পেশ করেন। সংসদে দেওয়া মন্ত্রীর তথ্য অনুযায়ী, সরকারি এ আর্থিক সহায়তার আওতায় সবচেয়ে বেশি উপকৃত হয়েছে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারানো মানুষের পরিবারগুলো। মোট ৩ হাজার ৮৮১ জন নিহত ব্যক্তির পরিবারকে এ অনুদান দেওয়া হয়েছে। তিনি জানান, এছাড়া সড়ক দুর্ঘটনায় আহত ৮২৯ জন এবং গুরুতর আহত আরও ৩৭৪ জন ব্যক্তি সরকারের এ কল্যাণ তহবিল থেকে আর্থিক সুবিধা পেয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ধর্ষণ কিংবা দুর্নীতি ছোট-বড়ো হয় না, সবই সমান : স্বরাষ্ট্রমন্ত্রী

উচ্চ দুর্নীতি এবং নিম্ন দুর্নীতি বলে কিছু নেই বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, দুর্নীতি ছোটো হয় না, বড়োও হয় না। যেমন ধর্ষণ ছোটোও হয় না, বড়োও হয় না। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, ডেফিনিশনে উচ্চ দুর্নীতিও নেই, নিম্ন দুর্নীতিও নেই। যেমন ধর্ষণ ছোটোও হয় না, বড়োও হয় না, সবই সমান। ধর্ষণের ক্ষেত্রে একটা বিচার চাইবো, আরেকটা চাইবো না, তা হয় না। জাতীয় সংসদে দুদকের বরাদ্দ সংক্রান্ত ছাঁটাই প্রস্তাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, আমরা দুদক যেহেতু শক্তিশালী করতে চাই, এটা জাতির প্রত্যাশা, সেজন্য। এখানে কিছু আইনি ইনফ্রাস্ট্রাকচার আছে। মন্ত্রী আরও বলেন, একটা অর্গানাইজেশন হিসেবে শক্তিশালী দুর্নীতি দমন কমিশন গঠন করবো। আমরা দুর্নীতি দমন কমিশন সংক্রান্ত অধ্যাদেশটা তখন গ্রহণ করিনি। এখন আলোচনা শুরু হয়েছে। বাংলাদেশে একটি শক্তিশালী দুর্নীতি দমন কমিশন প্রতিষ্ঠিত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

## জামায়াত আমিরের সঙ্গে অস্ট্রেলিয়ার হাইকমিশনারের সাক্ষাৎ

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার সুসান রাইল। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় অস্ট্রেলিয়ান হাইকমিশনের ফার্স্ট সেক্রেটারি (রাজনৈতিক) হ্যারি থমসন এবং ফার্স্ট সেক্রেটারি (রাজনৈতিক) অ্যানা পিটারসনও উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে আরও উপস্থিত ছিলেন

জামায়াত আমিরের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমান , সংসদ সদস্য মা রজিয়া আক্তার ও মারদিয়া মমতাজ এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা দলের সদস্য আলী আহমাদ মাবরুর। বৈঠকে বিরোধীদলীয় নেতার আসন্ন অস্ট্রেলিয়া সফর , জাতীয় সংসদ নির্বাচনের পরবর্তী সময়ে গণতন্ত্রকে আরও অর্থবহ করে তুলতে সরকার ও বিরোধীদলের ভূমিকা এবং সংসদীয় গণতন্ত্রকে আরও শক্তি শালী করার বিভিন্ন উপায় নিয়ে আলোচনা হয়। বিরোধীদলের সক্রিয় অংশগ্রহণ ছাড়া গণতন্ত্র কার্যকর ও প্রাণবন্ত হতে পারে না মর্মে এ সময় অভিমত ব্যক্ত করা হয়। উভয়পক্ষ ঘোষিত জাতীয় বাজেট এবং বিরোধীদলের প্রস্তাবিত ছায়া বাজেট নিয়েও মতবিনিময় করেন। বৈঠকে রোহিঙ্গা সংকটের একটি টেকসই সমাধান এবং বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা উন্নয়নের বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। বিশেষ করে জ্বালানি খাতের উন্নয়ন প্রসঙ্গটি বৈঠকে বিশেষ গুরুত্ব পায়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

## সীমান্ত হত্যা; `পুশ-ইনের, প্রতিবাদে রাজধানীতে ১১ দলীয় ঐক্যের বিক্ষোভ মিছিল

ভারত কর্তৃক বাংলাদেশে `পুশ-ইন,, সীমান্ত হত্যা ও নির্যাতনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ১১ দলীয় ঐক্য। সোমবার (১৫ জুন) বিকেলে রাজধানীর শাহবাগে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সীমান্ত হত্যা ও `পুশ-ইনের, প্রতিবাদে শাহবাগ থেকে ১১ দলীয় ঐক্যের একটি বিক্ষোভ মিছিল জাতীয় প্রেস ক্লাব হয়ে পল্টন অভিমুখে যাত্রা শুরু করে। মিছিলে ১১ দলীয় ঐক্যের শীর্ষ নেতারাসহ সর্বস্তরের জনসাধারণ অংশ নেন। এর আগে , ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ড . এ এইচ এম হামিদুর রহমান আযাদের সভাপতিত্বে ও কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহাগরী উত্তরের সহকারী সেক্রেটারি ডা. ফখরুদ্দিন মানিক এবং দক্ষিণের সহকারী সেক্রেটারি দেলাওয়ার হোসেনের সঞ্চালনায় সমাবেশ আয়োজিত হয়। সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল সা বেক এমপি মিয়া গোলাম পরওয়ার। সমাবেশে আরও বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী , বাংলাদেশ খেলাফত মজলি শের মহাসচিব মাওলানা জালাল উদ্দীন আহমেদ , আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টির) সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ, বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান ইরান , জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) সহ-সভাপতি ইঞ্জিনিয়ার রাশেদ প্রধান, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির সিনিয়র নায়েবে আমীর আব্দুল বাতেন আনসারী , খেলাফত মজলিশের নায়েবে আমীর মাওলানা আহমদ আলী কাসেমী , বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টির চেয়ারম্যান অ্যাডভোকেট আনোয়ারুল ইসলাম চাঁন , এলডিপির প্রেসিডিয়াম সদস্য ড . নেয়ামুল বশির, বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসাইনসহ ১১ দলীয় ঐক্যের শীর্ষ নেতারা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

## সব জায়গায় দুর্নীতি, ঘুরেফিরে দোষ হয় রাজনীতিবিদের: স্বরাষ্ট্রমন্ত্রী

দুর্নীতি সব জায়গায় হয়। ঘুরেফি রে সব দোষ হয় রাজনীতিবিদের - এমন মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদে সংসদ সদস্য রুমিন ফারহানার একটি বক্তব্যের জ বাবে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি সম্পূরক বাজেটে দুদকের অতিরিক্ত মঞ্জুরি দাবির ওপর ছাঁটাই প্রস্তাবের আলোচনায় অংশ নেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যতগুলো ফাইল সই হয় , লাস্টে রাজনীতিবিদকে সই করতে হয়। এ জন্য সব দোষ তার। তিনি বলেন, দুর্নীতি দমন কমিশনটা (দুদক) গঠন করার জন্য সার্চ কমিটি গঠনের জন্য , যেই কমিটি গঠন করার উদ্যোগ নেওয়া হয়েছিল, দয়া করে গতকাল প্রধান বিচারপতি অনেকদিন পরে তার প্রতিনিধি নিয়োগ করেছেন। বহুদিন গড়িয়ে গেছে। তিনি আরও বলেন , হয়ত আপনারা মনে করে নিয়েছেন , সরকার আন্তরিক না। সরকার আন্তরিক ছিল। চিঠি দিয়েছে, সার্চ কমিটি গঠন করা হবে। কিন্তু আমরা সহযোগিতাটা পাইনি। গতকাল কেবল সই করে দিয়েছেন। এখন সার্চ কমিটি গঠিত হবে। দুর্নীতির সব বিষয় অ্যাড্রেস করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## ঢাকার তিন প্রবেশদ্বারের যানজট রুখতে প্রধানমন্ত্রীর নতুননির্দেশনা

রাজধানীর মহাখালী, সায়েদাবাদ ও গুলিস্তান এলাকার তীব্র যানজট নিরসনে দ্রুত অস্থায়ী বাস ডিপো তৈরি করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে ঢাকার রাস্তা ও ফুটপাত থেকে হকারদের উচ্ছেদ না করে , তাদের সুনির্দিষ্টভাবে পুনর্বাসনের মাধ্যমে ট্রা ফিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফেরানো হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসকেরা। সোমবার (১৫ জুন) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে `যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকী করণ, বিষয়ক তৃতীয় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে ঢাকার দুই সিটির প্রশাসক এবং উপস্থিত যোগাযোগ বিশেষজ্ঞরা সাংবাদিকদের এসব সিদ্ধান্তের কথা জানান। গুরুত্বপূর্ণ এই বৈঠক শেষে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন এবং দক্ষিণ সিটি করপোরেশ নের (ডিএসসিসি) প্রশাসক আব্দুস সালাম যৌথভাবে

গণমাধ্যমকে ব্রিফ করেন। সিটি করপোরেশনের প্রশাসকেরা বলেন, প্রধানমন্ত্রী ঢাকার অন্যতম প্রধান তিন প্রবেশদ্বার ও টার্মিনাল এলাকা- মহাখালী, সায়েদাবাদ ও গুলিস্তানের যানজট কমাতে সুনির্দিষ্ট নির্দেশনা দিয়েছেন। সেখানে বাসগুলো যাতে রাস্তায় প্রতিবন্ধকতা তৈরি না করে, সেজন্য অস্থায়ী ডিপো তৈরি করা হবে। হকার ব্যবস্থাপনা নিয়ে তারা জানান, হকারদের হুট করে উচ্ছেদ না করে তাদের পুনর্বাসনের আওতায় আনা হবে, যাতে তারা জীবিকাও নির্বাহ করতে পারেন এবং রাস্তাও যানজটমুক্ত থাকে। উচ্চপর্যায়ের এই সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে অংশ নেন বিশিষ্ট যোগাযোগ ও পরিবহণ বিশেষজ্ঞ অধ্যাপক ড. মো. হাদিউজ্জামান। সভা শেষে তিনি সাংবাদিকদের জানান, বহুল আলোচিত বাস র্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্প নিয়ে গঠিত তিন সদস্যের বিশেষজ্ঞ কমিটি আগামী সাতদিনের মধ্যে তাদের চূড়ান্ত প্রতিবেদন জমা দেবে। ড. হাদিউজ্জামান আরও জানান, ঢাকার ট্রাফিক ব্যবস্থাকে আধুনিক রূপ দিতে আগামী সপ্তাহেই শাহবাগ মোড়ে পরীক্ষামূলকভাবে 'ডিজিটাল সিগন্যাল ব্যবস্থা, স্থাপন করা হবে। আজকের বৈঠকে এই আধুনিক সিগন্যালিং ব্যবস্থার খুঁটিনাটি ও কার্যকারিতা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## ষষ্ঠ থেকেই কারিগরি শিক্ষা, ২০২৮ সালে নতুন কারিকুলাম : শিক্ষামন্ত্রী

আগামীর বাংলাদেশ গড়তে এবং দক্ষ মানবসম্পদ উন্নয়নে শিক্ষা খাতকে বর্তমান বিএনপি সরকার সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, কারিগরি শিক্ষাকে বাদ দিয়ে দক্ষ মানবসম্পদ উন্নয়ন সম্ভব নয়। এই লক্ষ্যকে সামনে রেখে এখন থেকে ষষ্ঠ শ্রেণি থেকেই কারিগরি শিক্ষা অন্তর্ভুক্ত করা হচ্ছে। একইসঙ্গে টারশিয়ারি বা উচ্চশিক্ষাতেও কারিগরি শিক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দেওয়া হচ্ছে। সোমবার (১৫ জুন) রাজধানীর মোহাম্মদপুরে সরকারি শারীরিক শিক্ষা কলেজ খেলার মাঠে 'জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৬,-এর উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। শিক্ষা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনার ঘোষণা দিয়ে ড. আ ন ম এহছানুল হক মিলন বলেন, দেশে ইতোমধ্যে ৫৩টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট করা হয়েছে। সারাদেশে আরও বেশ কিছু পলিটেকনিক ইনস্টিটিউটের নির্মাণকাজ চলছে, যা আগামী দুই বছরের মধ্যে শেষ হবে। তিনি উল্লেখ করেন, মাধ্যমিক পর্যায়ে কারিগরি শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে, যাতে শিক্ষার্থীরা শুরু থেকেই বাস্তবমুখী ও কর্মমুখী শিক্ষার সুযোগ পায়। শিক্ষামন্ত্রী জানান, সৃজনশীল লেখাপড়ার ওপর বিশেষ লক্ষ্য রেখে নতুন শিক্ষা কারিকুলাম তৈরি করা হচ্ছে। আগামী ২০২৮ সালে নতুন সিলেবাস ও নতুন কারিকুলামে শিক্ষার্থীরা বই পাবে। এরই ধারাবাহিকতায়, আগামী ডিসেম্বরের মধ্যেই পরিমার্জিত সব বই দেশের সব স্কুলে পৌঁছে দেওয়া হবে। এছাড়া শিক্ষার্থীদের সহায়তায় আগামী জুলাইয়ের শেষ সপ্তাহে বিনামূল্যে স্কুল ড্রেস বিতরণ কার্যক্রম শুরু হবে বলেও ঘোষণা দেন তিনি। উচ্চশিক্ষায় সেশনজট ও বিলম্ব এড়ানোর বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, আগামী ২০ জুলাইয়ের মধ্যেই এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের চেষ্টা চলছে। এর মূল উদ্দেশ্য হলো- ফল প্রকাশের পর বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষায় যাতে শিক্ষার্থীদের কোনো ধরনের বিলম্বে বা সেশনজটে পড়তে না হয়। শিক্ষার্থীদের কেবল পাঠ্যবইয়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে মানসিক ও শারীরিক বিকাশের ওপর জোর দেন মন্ত্রী। তিনি বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড বাধ্যতামূলক করা হলে শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবেই কোচিং বিমুখ হবে। খেলাধুলা ও সংস্কৃতির ক্ষেত্রেও যাতে আগামী দিনে বিশ্বমানের নেতৃত্ব তৈরি করা যায়, সেজন্য সরকার নতুন করে কাজ শুরু করেছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## দেশে ফিরেছেন ৫৬ হাজার ৮৬৮ হাজি, মারা গেছেন ৫২ জন বাংলাদেশি

চলতি বছরের হজ সম্পন্ন হওয়ার পর রোববার পর্যন্ত মোট ৫৬ হাজার ৮৬৮ বাংলাদেশি হাজি সৌদি আরব থেকে দেশে ফিরেছেন। হজ অফিসের এক কর্মকর্তা জানান, তিনটি নির্ধারিত বিমান সংস্থার মাধ্যমে এ পর্যন্ত মোট ১৩৪টি ফিরতি ফ্লাইট পরিচালনা করা হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৬৩টি, সৌদিয়া এয়ারলাইন্স ৫০টি এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ২১টি ফ্লাইট পরিচালনা করেছে। হজ অফিসের তথ্য অনুযায়ী, এ পর্যন্ত সরকারি ব্যবস্থাপনায় চার হাজার ৩১৩ জন এবং বেসরকারি ট্রাভেল এজেন্সির মাধ্যমে ৫২ হাজার ৫৫৫ জন হাজি দেশে ফিরেছেন। এবার হজ পালন করতে গিয়ে সৌদি আরবে ৫২ জন বাংলাদেশির মৃত্যু হয়েছে। এসব হজযাত্রীর মধ্যে ৩৫ জন পুরুষ এবং ১৭ জন নারী রয়েছেন। তাদের মধ্যে মক্কায় ৩৭ জন, মদিনায় ১৪ জন এবং জেদ্দায় একজন মারা গেছেন। মিনা বা মুজদালিফায় কোনো মৃত্যুর খবর পাওয়া যায়নি। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## সরকার ২ হাজার মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের উদ্যোগ নিয়েছে: কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেন, কৃষকের উৎপাদিত পণ্যের সংরক্ষণ সক্ষমতা বাড়ানো এবং ন্যায্যমূল্য নিশ্চিতে সরকার আগামী এক থেকে দুই বছরের মধ্যে সারাদেশে দুই হাজার মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের উদ্যোগ নিয়েছে। সোমবার রাজধানীর একটি হোটেলে 'রিপারপোজিং অ্যাগ্রিকালচারাল পাবলিক স্পেন্ডিং ফর কোয়ালিটি গ্রোথ অ্যান্ড জবস ইন বাংলাদেশ ,স এগ্রিফুড সিস্টেম, শীর্ষক পলিসি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, দেশের প্রায় ৭০ থেকে ৭৫ শতাংশ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কৃষির সঙ্গে সম্পৃক্ত। সামগ্রিক

অর্থনীতিকে শক্তিশালী করতে হলে কৃ ষিকে শক্তিশালী করতে হবে। সে লক্ষ্যে সরকার বাস্তবমুখী নানা পদক্ষেপ গ্রহণ করছে। তিনি বলেন , কৃষকরা উৎপাদন করলেও অনেক ক্ষেত্রে সংরক্ষণ সুবিধার অভাবে ন্যায্যমূল্য পান না। বিশেষ করে সবজি ও পচনশীল কৃষিপণ্যের ক্ষেত্রে অতিরিক্ত উৎপাদনের কারণে মৌসুমে দাম কমে যায়। এ সমস্যা সমাধানে কৃষকদের দোরগোড়ায় সংরক্ষণ সুবিধা পৌঁছে দিতে মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। মন্ত্রী আরও বলেন, ১৫ থেকে ২০ জন কৃষককে নিয়ে সমবায়ভিত্তিক ব্যবস্থাপনায় এসব কোল্ড স্টোরেজ পরিচালিত হবে এবং এগুলো সৌরবিদ্যুৎচালিত হবে। ইতোমধ্যে পাইলট প্র কল্পে এ ব্যবস্থার সফলতা পাওয়া গেছে। ২ হাজার মিনি কোল্ড স্টোরেজ স্থাপন করা গেলে প্রায় ৪০ হাজার কৃষক সরাসরি এর সুবিধা পাবেন। আমিন উর রশিদ বলেন , কৃষিপণ্যের উৎপাদন ও বাজার চাহিদার মধ্যে সমন্বয় গড়ে তুলতে সরকার ডাটাবেসভিত্তিক পরিকল্পনা গ্রহণ করছে। এতে কৃষকরা চাহিদা অনুযায়ী উৎপাদন করতে পারবেন এবং ভোক্তারাও সারা বছর তুলনামূলক স্থিতিশীল দামে কৃষিপণ্য পাবেন। কৃষিমন্ত্রী জানান, সরকার পেঁয়াজ, পেঁয়াজ বীজ ও আদা উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে কাজ করছে। তিনি আশা প্রকাশ করেন, আগামী এক থেকে দেড় বছরের মধ্যে দেশে পেঁয়া জ আমদানির প্রয়োজন হবে না। আর তিন বছরের মধ্যে পেঁয়াজ বীজ ও আদা উৎপাদনেও স্বয়ংসম্পূর্ণতা অর্জন সম্ভব হবে। তিনি বলেন , দেশের মাটির অম্লতা কমিয়ে উর্বরতা বৃদ্ধির জন্য সরকার কার্যক্রম হাতে নিয়েছে। মাটির পিএইচ মাত্রা উন্নত করা গেলে সার ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখযোগ্যভাবে কমবে এবং উৎপাদনশীলতা বাড়বে। মন্ত্রী আরও বলেন , কৃষিতে ডিজেল ও বিদ্যুতের ব্যবহার কমাতে সৌরশক্তিনির্ভর সেচব্যবস্থা সম্প্রসারণ করা হচ্ছে। ইতোমধ্যে কয়েক হাজার সেচযন্ত্র সৌরশক্তিচালিত ব্যবস্থায় রূপান্তর করা হয়েছে। তিনি বলেন , বিশ্বব্যাংকসহ উন্নয়ন সহযোগী দের সহযোগিতায় কৃষি , মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। কৃষিখাতে সরকারি ব্যয়ের কার্যকারিতা বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রণীত গবেষণা ও সুপারিশ সরকার ইতিবাচকভাবে বিবেচনা করবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫.৬৩ বিলিয়ন ডলার

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫ দশমিক ৬৩ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) থেকে ১ দশমিক ০০০৫ বিলিয়ন ডলারের বাজেট সহায়তা ঋণ পাওয়ার ফলে এই রিজার্ভ বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ ব্যাংক এ তথ্য জানিয়েছে। কেন্দ্রীয় ব্যাংক জানিয়েছে, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ব্যালেন্স অব পেমেন্টস অ্যান্ড ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট পজিশন ম্যানুয়াল (বিপিএম-৬) গণনা পদ্ধতি অনুযায়ী , দেশের রিজার্ভের পরিমাণ ৩১ দশমিক ০৮ বিলিয়ন মার্কিন ডলার। সংশ্লিষ্ট কর্মকর্তা রা বলছেন, রিজার্ভের এই অবস্থান চলমান বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তার মধ্যেও দেশের বহিঃখাতের স্থিতিশীলতা প্রতিফলন করে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তি চুক্তিকে স্বাগত জানাল বাংলাদেশ

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তি চুক্তি চূড়ান্ত হওয়াকে বাংলাদেশ স্বাগত জানিয়েছে। সোমবার (১৫ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ বিষয়ে স্বাগত জানায়। বিবৃতিতে বলা হয় , বাংলাদেশ বরাবরই সংলাপ , পারস্পরিক শ্রদ্ধাবোধ এবং কূটনৈতিক সম্পৃক্ততার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি ও উত্তেজনা প্রশমনের পক্ষে অ বস্থান গ্রহণ করে এসেছে। এ প্রেক্ষাপটে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষ এবং মধ্যস্থতাকারীদের গঠনমূলক প্রচেষ্টা ও দূরদর্শী ভূমিকার প্রশংসা করে বাংলাদেশ। বাংলাদেশ আশা করে , চুক্তিটি সদিচ্ছা ও পারস্পরিক আস্থার ভিত্তিতে বাস্তবায়িত হবে এবং এর মাধ্যমে দীর্ঘমেয়াদি, টেকসই ও অন্তর্ভুক্তিমূলক শান্তির ভিত্তি সুদৃঢ় হবে। বিবৃতিতে আরও বলা হয় , বাংলাদেশ দৃঢ়ভাবে বিশ্বাস করে, মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা ও শান্তি শুধু আঞ্চলিক নিরাপত্তা ও সমৃদ্ধির জন্যই নয় , বরং বৈশ্বিক শান্তি, অর্থনৈতিক স্থিতি এবং টেকসই উন্নয়নের জ ন্যও অপরিহার্য। বাংলাদেশ সংশ্লিষ্ট সকল পক্ষকে এই ইতিবাচক অগ্রগতির ধারাবাহিকতা বজায় রেখে অবশিষ্ট বিষয়গুলো সংলাপ ও কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে সমাধানের জন্য গঠনমূলক সম্পৃক্ততা অব্যাহত রাখার আহ্বান জানায়। বাংলাদেশ আশা করে , এই চুক্তি আঞ্চলিক উত্তেজনা প্রশমনে সহায়ক হবে এবং মধ্যপ্রাচ্যে শান্তিপূর্ণ পরিবেশ , অর্থনৈতিক কর্মকাণ্ডের স্বাভাবিকতা , সরবরাহ ব্যবস্থার স্থিতিশীলতা এবং পারস্পরিক সহযোগিতার নতুন দিগন্ত উন্মোচনে ইতিবাচক ভূমিকা রাখবে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## কারাগারে মায়েদের সঙ্গে থাকা শিশুদের তথ্য চেয়েছেন হাইকোর্ট

সারা দেশের কারাগারে মায়েদের সঙ্গে কত শিশু রয়েছে , তাদের বয়সসহ তালিকা চেয়েছেন হাইকোর্ট। দুই মাসের মধ্যে এ প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। সোমবার সুপ্রিম কোর্টের এক আইনজীবীর করা রিটের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি খিজির আহমেদ চৌধুরী ও বিচারপতি মো . জিয়াউল হকের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে ছিলেন রিটকারী আইনজীবী কামরুন নাহার মাহমুদ দীপা। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো. ফারুক হোসেন। রুলে কারাগারে মায়েদের সঙ্গে থাকা শিশুদের প্রয়োজনীয় কল্যাণ, নিরাপত্তা

এবং জীবনমান উন্নয়নের ব্যবস্থা নিতে কেন নির্দেশ দেওয়া হবে না , তা জানতে চাওয়া হয়েছে। স্বরাষ্ট্র সচিব , আইন সচিব, সমাজকল্যাণ সচিব এবং আইজি প্রিজন্সকে রুলের জবাব দিতে বলা হয়েছে। 'কারাগারে বিপন্ন শৈশব, শীর্ষক একটি জাতীয় দৈনিকে প্রকাশি ত প্রতিবেদন সংযুক্ত করে ৯ জুন এ রিট করা হয়। প্রকাশিত প্রতিবেদনে বলা হয় , বাংলাদেশ কারাবিধির (বাংলাদেশ জেল কোড) ৯৫৭ বিধি অনুযায়ী, নারী হাজতি ও কয়েদিরা চার বছর পর্যন্ত তাদের সন্তানদের কাছে রাখতে পারেন। তবে আইনে বলা আছে , কারা কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ছয় বছর পর্য ন্ত সন্তানদের কাছে রাখার সুযোগ মেলে। কারা অধিদপ্তরের কর্মকর্তারা জানান , শিশুর বয়স ছয় বছর পার হলে এবং মা কারাগারে থাকলে যে-সব শিশুর স্বজনরা তাদের নিতে চান, তাদের স্বজনদের কাছে দেওয়া হয়। আর যে-সব শিশুর স্বজন থাকে না, তাদের সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সরকারি শিশুনিবাসে পাঠানো হয়। কারা অধিদপ্তরের সাম্প্রতিক তথ্য অনুযায়ী, দেশের ৭৪টি কেন্দ্রীয় ও জেলা কারাগারে মায়েদের সঙ্গে ২৯৯ শিশু (২৬ এপ্রিল ২০২৬ পর্যন্ত) রয়েছে। এসব শিশুর মায়েদের বেশিরভাগই মাদক মামলার আসামি। এর মধ্যে কন্যাশিশু ১৫৩ জন এবং ছেলেশিশু ১৪৬ জন। এই শিশুদের মায়েদের কেউ সাজা খাটছেন, আবার কারও মামলা রয়েছে বিচারাধীন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৫.০৬.২০২৬ এলিনা)

## সংসদে ৫৬ হাজার ১১৭ কোটি টাকার সম্পূরক বাজেট পাস

জাতীয় সংসদে ২০২৬ সালের ৩০ জুন সমাপ্য অর্থবছরে সংযুক্ত তহবিল থেকে মঞ্জুরিকৃত অর্থের অনধিক ৫৬ হাজার ১১৭ কোটি ৫৯ লাখ ৪১ হাজার টাকা প্রদান ও ব্যয়ের অনুমোদন দিয়ে ২০২৫-২৬ অর্থবছরের সম্পূরক বাজেট পাস করেছে সংসদ। সোমবার জাতীয় সংসদের ত্রয়োদশ অধিবেশনের দ্বিতীয় সেশনের সপ্তম কার্যদিবসে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী সম্পূরক বাজেট উত্থাপন করলে স্পিকার তার কণ্ঠভোটে দি লে তা পাস হয়। আজ নি র্দিষ্টকরণ বিল, ২০২৬ পাসের মধ্যদিয়ে এ বাজেট পাস করা হয়। চলতি ২০২৫-২৬ অর্থবছরে ৬২টি মন্ত্রণালয় ও বিভাগের জন্য মোট বাজেট ছিল ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা। আর বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের ব্যয় হ্রাস -বৃদ্ধি পেয়ে চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটের আকার দাঁড়ায় ৭ লাখ ৮৮ হাজার কোটি টাকা। সম্পূরক বাজেটে ২৭টি মন্ত্রণালয়, বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বরাদ্দ বৃদ্ধি পেয়েছে , যার পরিমাণ ৫৬ হাজার ১১৭ কোটি ৫৯ লাখ টাকা। অন্যদিকে ৩৫টি মন্ত্রণালয় ও বিভাগের বরাদ্দ ৫৯ হাজার ৩৪৮ কোটি ৬৭ লাখ টাকা কমানো হয়েছে। বিল পাসের আগে বিধান অনুযায়ী ২৫টি মঞ্জুরি দাবি সংশ্লিষ্ট মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা সংসদে উত্থাপন করলে পৃথক পৃথকভাবে পাস করা হয়। এসব দাবির ওপর বিরোধীদলের ২০ জন সদস্যের আনীত ৩০৪টি ছাঁটাই প্রস্তাবের মধ্যে অর্থ বিভাগ , পরিকল্পনা বিভাগ, বাণিজ্যা মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় এবং দুর্নীতি দমন কমিশনের আনীত মঞ্জুরি দাবির ওপর আনীত ছাঁটাই প্রস্তাবের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ আসাদ)

## ঠাকুরগাঁওয়ে শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী বিতরণ করল চীনা দূতাবাস

বাংলাদেশের রংপুর বিভাগের ঠাকুরগাঁও জেলায় শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা সহায়তা সামগ্রী বিতরণ করেছে বাংলাদেশে অবস্থিত চীনা দূতাবাস। শুক্রবার অনুষ্ঠিত হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এবং বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অনুষ্ঠানে কয়েক হাজার শিক্ষার্থী ও স্থানীয় সম্প্রদায়ের প্রতিনিধিরাও অংশ নেন। অনুষ্ঠানে বক্তব্যে রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, তরুণ প্রজন্মের বিকাশ এবং একটি দেশের ভবিষ্যৎ গঠনে শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আশা প্রকাশ করেন , এই শিক্ষা সহায়তা সামগ্রী স্থানীয় শিক্ষার্থীদের পড়াশোনার পরিবেশ উন্নত করতে সহায়তা করবে এবং শিশুদের সুস্থভাবে বেড়ে ওঠার পাশাপাশি বাংলাদেশের উন্নয়নে অবদান রাখতে উৎসাহিত করবে। মির্জা ফখরুল ইসলাম আলমগীর চীনের এই সহায়তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন , শিক্ষা সহায়তা সামগ্রী বিতরণ বাংলাদেশের নতুন প্রজন্মের প্রতি চীনের আন্তরিক যত্ন এবং বাংলাদেশের জনগণের প্রতি তাদের বন্ধুত্বপূর্ণ মনোভাবের প্রতিফলন। অনুষ্ঠিতে বক্তা রা চীন ও বাংলাদেশের মধ্যে জনগণকেন্দ্রিক সহযোগিতা আরও জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন এবং শিক্ষা , মানবসম্পদ উন্নয়ন ও সামাজিক কল্যাণ খাতে দ্বিপক্ষীয় সহযোগিতা সম্প্রসারণের প্রত্যয় ব্যক্ত করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ আসাদ)

## ইসলামী ব্যাংকের গ্রাহকদের জন্য বিশেষ ঘোষণা

আমানত নিয়ে উদ্বিগ্ন হয়ে যে -সব গ্রাহক ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির বিভিন্ন সঞ্চয় ও আমানত হিসাব মেয়াদপূর্তির আগেই ভেঙেছেন, তাদের জন্য বিশেষ সুযোগ ঘোষণা করেছে ব্যাংকটি। ক্ষতিগ্রস্ত গ্রাহকরা আগামী সাত কর্মদিবসের মধ্যে হিসাব পুনরায় চালু করলে প্রি-ম্যাচিউর নগদায়নের কারণে আরোপিত সব ধরনের খরচ ও আর্থিক ক্ষতি মওকুফ করা হবে। সোমবার ব্যাংকের এক বিশেষ নোটিশে এ তথ্য জানানো হয়। নোটিশে বলা হয়েছে, ১ থেকে ১৫ জুন ২০২৬ সময়ের মধ্যে যে-সব গ্রাহক MTDRA, MSB, MMPDS এবং MSSA হিসাব প্রি-ম্যাচিউর অবস্থায় বন্ধ বা নগদায়ন করেছেন এবং এর ফলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন , তারা আগামী সাত কর্মদিবসের

মধ্যে একই ধরনের হিসাব পুনরায় চালু করতে পারবেন। ব্যাংক জানিয়েছে , চলমান পরিস্থিতি বিবেচনায় এসব গ্রাহকের ক্ষেত্রে প্রি-ম্যাচিউর নগদায়নের কারণে যে খরচ, চার্জ বা আর্থিক ক্ষতি হয়েছে, তা সম্পূর্ণ মওকুফ করা হবে। পাশাপাশি হিসাবগুলোকে নতুন হিসাব হিসেবে নয়, বরং চলমান হিসাব হিসেবে গণ্য করা হবে। ফলে গ্রাহকরা আগের আমানতের ধারাবাহিক সুবিধা ফিরে পাবেন। ইসলামী ব্যাংক কর্তৃপক্ষ গ্রাহকদের অযথা গুজব বা বিভ্রান্তিতে কান না দিয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য সংশ্লিষ্ট শাখা ও ব্যাংকের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করার আহ্বান জানিয়েছে। ব্যাংকটির কর্মকর্তারা মনে করছেন , গ্রাহকবান্ধব এ উদ্যোগের ফলে প্রি -ম্যাচিউর নগদায়নের কারণে ক্ষতিগ্রস্ত অনেক গ্রাহক পুনরায় তাদের আমানত হিসাব চালু করতে আগ্র হী হবেন এবং এতে ব্যাংকের প্রতি গ্রাহকদের আস্থা আরো সুদৃঢ় হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৬.২০২৬ আসাদ)

# BBC

**IRAN, US AGREE TENTATIVE DEAL TO 'END WAR'**

United States President Donald Trump has announced what he has described as a "great deal" to end the war with Iran as officials in Tehran and Washington outline an agreement that would bring an immediate halt to hostilities after more than 100 days of conflict. Pakistani Prime Minister Shehbaz Sharif said a signing ceremony for the agreement will take place in Switzerland on Friday. Iran's Supreme National Security Council said the deal includes an immediate suspension of military operations on all fronts, including in Lebanon, nearly one-fifth of whose territory Israel currently occupies. "Based on the agreements reached, the war and military operations on all fronts, including Lebanon, will end immediately and permanently as of tonight, and in addition, the naval blockade against Iran will end immediately and completely," it said on Sunday in a statement. Kazem Garibabadi, Iran's deputy foreign minister for legal and international affairs, said negotiations for a final agreement would continue for 60 days. (BBC News Web Page: 15/06/26, FARUK)

**SEAFARERS ADVOCATES WELCOME US-IRAN DEAL AFTER MONTHS-LONG LIMBO IN GULF**

Seafarers advocates have cautiously welcomed the tentative deal to end the Iran war and reopen the reopen the Strait of Hormuz, expressing hope that some 20,000 stranded crew members will soon be able to return home. United States President Donald Trump said the strait will reopen on Friday when Iran will lift its "toll booth" system and the US will end its naval blockade of Iranian ports. International Chamber of Shipping (ICS) Secretary-General Thomas Kazakos said the announcement came as a relief to maritime workers who have been "caught in the middle of this war". Forward Seamen's Union of India General Secretary Manoj Yadav also welcomed the agreement. (BBC News Web Page: 15/06/26, FARUK)

**OIL PRICES FALL AND SHARES JUMP AFTER US-IRAN DEAL ANNOUNCED**

Oil prices have fallen and shares risen after the US and Iran said they had agreed a framework deal to end the war, which US President Donald Trump said would see the reopening of the key Strait of Hormuz shipping route. Brent crude, the global oil benchmark, dropped more than 5% to $82.84 a barrel, while stock markets rose, particularly in Asia. Pakistan, which has been mediating an end to the US-Iran war, said an official signing ceremony would be held on Friday, 19 June in Switzerland. Iran's deputy foreign minister Kazem Garibabadi confirmed in a phone call on state TV that a deal with the US had been finalized, while Trump posted on social media "let the oil flow!".
(BBC News Web Page: 15/06/26, FARUK)

**TRUMP SAYS SHIPS ARE 'STARTING TO MOVE' THROUGH STRAIT OF HORMUZ**

US President Donald Trump says ships "are starting to move, many loaded up with Oil, out of the Strait of Hormuz" after the US and Iran reached a framework deal. Writing on Truth Social, he says: "They are going along the Southern "Highway", which is totally safe, secure and pristine. There are other areas of travel, also!!! President DJT". (BBC News Web Page: 15/06/26, FARUK)

**MISSION TO REOPEN HORMUZ COULD BEGIN 'TWO OR THREE DAYS' AFTER DEAL CONFIRMED: MACRON**

A joint operation to reopen the Strait of Hormuz could be launched within two or three days, French President Emmanuel Macron says after the announcement of a framework agreement between the US and Iran on ending the war. Speaking at the G7 summit in France on Monday, he says the UK and France are "ready to act quickly" in order to restore the freedom of navigation in the strait. This, says Macron, would include sending aircraft,

frigates and mine disposal experts to the area. "We also have our aircraft carrier, the Charles de Gaulle, with all its support equipment, which remains in the area and can be deployed within two or three days of confirmation of the deal," says the French President. (BBC News Web Page: 15/06/26, FARUK)

**ALMOST 500 VESSELS IN THE GULF WEST OF THE STRAIT OF HORMUZ**

Ship-tracking data from Marine Traffic this morning shows there are more than 230 tankers and 250 cargo ships in the Gulf west of the Strait of Hormuz alongside large numbers of smaller vessels such as fishing boats and tugs. Only a minority of tracked tankers appear to be fully laden with cargo while most are empty or partially loaded. About 70% of the tankers in the data are stationary rather than moving. Many are gathered near major oil export terminals in Saudi Arabia, Iraq and the UAE. Most have remained in the Gulf over the past month. The total number of vessels in the area is likely to be higher, as many ships are not broadcasting their location and do not appear in the data.

(BBC News Web Page: 15/06/26, FARUK)

**DEAL IS 'BAD FOR ISRAEL AND THE ENTIRE FREE WORLD': ISRAELI MINISTER**

Far-right Israeli Finance Minister Bezalel Smotrich says the deal is "bad for Israel and for the entire free world". He says Israel "will have to continue the campaign to bring down the regime ourselves" and "ensure that Iran never acquires nuclear weapons," in a post on X, translated by the AFP news agency. "The joint US-Israeli campaign achieved many successes in weakening Iran, and those achievements have not been in vain," Smotrich says. Earlier, far-right Israeli National Security Minister Itamar Ben-Gvir also criticized the deal, and said: "We are not partners to this agreement that does not ensure our security, and it does not bind us in any way." (BBC News Web Page: 15/06/26, FARUK)

**RUSSIAN STRIKES KILL 11 AND SET HISTORIC CATHEDRAL IN KYIV ABLAZE**

At least 11 people have been killed in a wave of Russian strikes on Ukraine that set a major religious landmark in Kyiv on fire, President Volodymyr Zelensky says. Four people were killed in attacks on the Ukrainian capital, while five rescue workers died trying to put out a fire caused by a strike on the north-eastern city of Kharkiv, officials said. The 11th Century Dormition Cathedral was significantly damaged in what Zelensky called "one of the biggest Russian crimes against Christian culture today". Russia denied hitting the site. Meanwhile, a Ukrainian drone attack in the Russian city of Tula killed three people and wounded three others, including a one-year-old, local officials said.

(BBC News Web Page: 15/06/26, FARUK)

**PROTESTERS CLASH WITH POLICE AHEAD OF G7 SUMMIT IN FRANCE**

Protesters clashed with police in Switzerland during a demonstration against the upcoming G7 summit in neighbouring France. Tear gas and water Cannon were deployed to disperse the large crowd after protesters smashed windows and set a car on fire. "What needs to be understood is the message, the basic message regarding all these countries that oppress US through money and power", said one protester who was disappointed to see the protest turn violent. The G7 summit starts on 15 June in Evian-les-Bains and will bring together the leaders of Britain, France, Canada, Germany, Italy, Japan, the United States and the European Union. (BBC News Web Page: 15/06/26, FARUK)

**RECORD DAILY JUMP IN DRC EBOLA OUTBREAK TAKES DEATH TOLL TO 178**

The number of confirmed cases in the Democratic Republic of the Congo (DRC)'s Ebola outbreak has surged to 782, with 178 deaths, marking one of the largest daily jumps so far as regional conflict, patient escapes, and limited contact tracing undermine containment efforts. The Ministry of Public Health confirmed 72 new cases on Sunday over the previous 24 hours, a record single-day increase, with 29 additional deaths. The Bundibugyo virus strain has a 22.8% death rate so far, with 40 patients recovering, officials said. The outbreak stems from the rare Bundibugyo strain, which has no approved vaccine or treatment, unlike the Zaire virus responsible for the DRC's previous 16 Ebola outbreaks. Contact tracing coverage has plummeted to 56.5%, a sharp decline from the 95% target, Health Ministry officials said. (BBC News Web Page: 15/06/26, FARUK)

**:: THE END ::**